জাতীয় রাজস্ব বোর্ড

করনীতি উইং

# আয়কর পরিপত্র
# ২০২০-২০২১




২০২০-২০২১ অর্থ বছরের বাজেট কার্যক্রমের মাধ্যমে
আয়করের ক্ষেত্রে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টীকরণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

করনীতি উইং

# আয়কর পরিপত্র ২০২০-২০২১

## ২০২০-২০২১ অর্থ বছরের বাজেট কার্যক্রমের মাধ্যমে আয়করের ক্ষেত্রে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টীকরণ

# সূচীপত্র


| ক্রম | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| | ২০২০-২০২১ অর্থ বছরের বাজেট কার্যক্রমের আওতায় আয়কর আইন, বিধি ও প্রজ্ঞাপনের মাধ্যমে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টীকরণ | ১ |
| ১। | ২০২০-২১ কর বছরের জন্য প্রযোজ্য আয়কর হার | ২ |
| | (ক) ব্যক্তি করদাতাসহ অন্যান্য করদাতার (কোম্পানি এবং ব্যক্তি-সংঘ ব্যতীত) জন্য সাধারণ করহার | ২ |
| | (খ) অনলাইনে রিটার্ন দাখিল করলে কর রেয়াত | ৪ |
| | (গ) কোম্পানি এবং ব্যক্তি-সংঘ ব্যতীত নির্দিষ্ট শ্রেণির করদাতার উপর সর্বোচ্চ করহার | ৮ |
| | (ঘ) কোম্পানির করহার | ৯ |
| | (ঙ) লভ্যাংশ আয়ের করহার | ১১ |
| | (চ) ব্যক্তি-সংঘের করহার | ১১ |
| ২। | সারচার্জ | ১১ |
| ৩। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 2 এর সংশোধন | |
| | (ক) Fair market value এর সংজ্ঞা পরিবর্তন: ক্লজ (৩০) এর সংশোধন | ১৩ |
| | (খ) Income year এর সংজ্ঞা: ক্লজ (৩৫) এর সংশোধন | ১৩ |
| ৪। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ নতুন ধারা 16H সংযোজন | ১৪ |
| ৫। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ ধারা 19AAAA সংযোজন | ১৬ |
| ৬। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ ধারা 19AAAAA সংযোজন | ১৯ |
| ৭। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 19BBBBB এর সংশোধন | ২৬ |
| ৮। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 28 এর সংশোধন | ২৬ |
| ৯। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 30 এর সংশোধন | ২৬ |

| ক্রম | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| | (ক) ক্লজ (h) এর সংশোধন | ২৬ |
| | (খ) ক্লজ (k) এর সংশোধন | ২৮ |
| | (গ) নতুন ক্লজ (p) এর সংযোজন | ২৮ |
| ১০। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ ধারা 31A এর সংযোজন | ২৮ |
| ১১। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ ধারা 32A এর সংযোজন | ২৯ |
| ১২। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 42 এর সংশোধন | ৩১ |
| | (ক) ধারা 42(3A) | ৩২ |
| | (খ) ধারা 42(3B) | ৩২ |
| ১৩। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 46BB এর সংশোধন | ৩২ |
| ১৪। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 51 এর প্রতিস্থাপন | ৩৩ |
| ১৫। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52 এর সংশোধন | ৩৪ |
| ১৬। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52(2), 52A(2), 52AA(2), 53E এবং 56(3) এর সংশোধন | ৩৫ |
| ১৭। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52AA এর সংশোধন | ৩৬ |
| ১৮। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52C এর সংশোধন | ৩৭ |
| ১৯। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52Q এর প্রতিস্থাপন | ৩৭ |
| ২০। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52R এর সংশোধন | ৩৯ |
| ২১। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52U এর সংশোধন | ৪০ |
| | (ক) উপধারা 52U(3) এর সংশোধন | ৪০ |
| | (খ) উপধারা 52U(4) এর সংশোধন | ৪০ |
| ২২। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 53BB এবং 53BBBB এর সংশোধন | ৪০ |
| ২৩। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 53BBB এর প্রতিস্থাপন | ৪১ |

| ক্রম | বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ২৪। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 56 এর সংশোধন | | ৪১ |
| ২৫। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 68 এর সংশোধন | | ৪২ |
| ২৬। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 68B এর সংশোধন | | ৪২ |
| ২৭। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 75 এর সংশোধন | | ৪৩ |
| ২৮। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 75A এর সংশোধন | | ৪৪ |
| ২৯। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 80 এর সংশোধন | | ৪৫ |
| ৩০। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 82C এর সংশোধন | | ৪৫ |
| ৩১। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 124 এর সংশোধন | | ৫১ |
| ৩২। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 158 এর সংশোধন | | ৫১ |
| ৩৩। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 184A এর সংশোধন | | ৫২ |
| ৩৪। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 184G এর সংযোজন | | ৫২ |
| ৩৫। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর FIRST SCHEDULE এর সংশোধন | | ৫৩ |
| ৩৬। | আয়কর অধ্যাদেশ, 1984 এর SIXTH SCHEDULE Part A এর সংশোধন | | ৫৩ |
| | (ক) Paragraph 8 প্রতিস্থাপন | | ৫৩ |
| | (খ) Paragraph 20 প্রতিস্থাপন | | ৫৩ |
| | (গ) Paragraph 54 প্রতিস্থাপন | | ৫৪ |
| ৩৭। | অর্থ আইন, ২০২০ এর ধারা ৫২ অনুযায়ী কর রেয়াত এবং করারোপ | | ৫৪ |
| ৩৮। | জারীকৃত প্রজ্ঞাপনসমূহ | | ৫৪ |
| | (ক) | আয়কর বিধিমালা, ১৯৮৪ এর সংশোধনীসমূহ | ৫৪ |
| | | (১) সুনির্দিষ্ট ক্ষেত্রের উপর উৎসে কর কর্তনের নতুন হার সংযোজন: বিধি 16 এর সংশোধন | ৫৫ |
| | | (২) আমদানি পর্যায়ে উৎস করের পরিমাণ ও হার | ৫৫ |

| ক্রম | বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|---|
| | | সংক্রান্ত বিধি 17A সংশোধন | |
| | | (৩) বিধি 24 এর সংশোধন | ৬২ |
| | | (৪) নতুন বিধি 24B সংযোজন | ৬৩ |
| | | (৫) বিধি 33 এর সংশোধন | ৬৩ |

**পরিশিষ্ট**


| | | পৃষ্ঠা |
|---|---|---|
| পরিশিষ্ট ১ | অর্থ আইন, ২০১৯ এর ধারা ৫২ এ বর্ণিত তফসিল-২ | ৬৬ |
| পরিশিষ্ট ২ | এস, আর, ও, নং ২৫৯-আইন/আয়কর/২০১৯ | ৭৯ |
| পরিশিষ্ট ৩ | এস,আর,ও নং ২৭০-আইন/আয়কর/২০১৯ | ৮০ |
| পরিশিষ্ট ৪ | এস, আর, ও, নং ৩৯৪-আইন/আয়কর/২০১৯ | ৯৭ |
| পরিশিষ্ট ৫ | এস, আর, ও, নম্বর ১৬৫-আইন/আয়কর/২০২০ | ৯৯ |
| পরিশিষ্ট ৬ | এস, আর, ও নম্বর ১৬৩-আইন/আয়কর/২০২০ | ১১১ |
| পরিশিষ্ট ৭ | এস, আর, ও নম্বর ১৬৪-আইন/আয়কর/২০২০ | ১১২ |
| পরিশিষ্ট ৮ | উৎসে কর কর্তন/ আদায় সংক্রান্ত অধিক্ষেত্র | ১১৩ |
| পরিশিষ্ট ৯ | Major sources of income subject to deduction or collection of tax, advance payment of tax and presumptive tax: Rates applicable for Financial Year 2019-20 | ১৩০ |
| পরিশিষ্ট ১০ | Rate of deduction under section 52 | ১৫৬ |
| পরিশিষ্ট ১১ | Rate of deduction under section 52A | ১৫৮ |
| পরিশিষ্ট ১২ | Rate of deduction from the payment of certain services under section 52AA | ১৫৯ |
| পরিশিষ্ট ১৩ | Rate of deduction under section 52JJ | ১৬৩ |
| পরিশিষ্ট ১৪ | Rate of deduction under section 53E | ১৬৫ |
| পরিশিষ্ট ১৫ | Rate of deduction under section 53F(2) | ১৬৭ |
| পরিশিষ্ট ১৬ | Rate of deduction under section 53FF | ১৬৮ |
| পরিশিষ্ট ১৭ | Rate of deduction from income of non-residents | ১৭০ |

| | | |
|---|---|---|
| পরিশিষ্ট ১৮ | Rate of advanced tax under section 68B | ১৭২ |
| পরিশিষ্ট ১৯ | Tax Payment Codes | ১৭৫ |
| পরিশিষ্ট ২০ | Income-tax (Amendment) Ordinance, 2020 | ১৭৭ |

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**সেগুনবাগিচা, ঢাকা**
www.nbr.gov.bd

১৬ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ

নথি নং- ০৮.০১.০০০০.০৩০.০৩.২১(অংশ-১).২০.১৫৮ তারিখ: ৩১ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ

## আয়কর পরিপত্র- ২০২০-২০২১

**বিষয়: ২০২০-২১ অর্থ বছরের বাজেট কার্যক্রমের আওতায় আয়কর আইন, বিধি ও প্রজ্ঞাপনের মাধ্যমে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টীকরণ।**

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর ও সারচার্জের হার নির্ধারণ এবং এতদ্ব্যতীত আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর আওতায় জারীকৃত বিভিন্ন এস, আর, ও এর মাধ্যমে আয়কর বিধিমালা, ১৯৮৪ তে প্রয়োজনীয় সংশোধনী আনাসহ বিভিন্ন করহার পুনঃনির্ধারণ করা হয়েছে। নব প্রবর্তিত ও সংশোধিত আইন, বিধি ও প্রজ্ঞাপনসমূহের যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণ ও সংশ্লিষ্ট বিধি বিধানসমূহ করদাতাগণকে সহজভাবে অবহিতকরণের লক্ষ্যে আনীত সংযোজন/ সংশোধন/পরিবর্তন/পরিমার্জনসমূহের উল্লেখযোগ্য বিষয়সমূহ নিম্নে ব্যাখ্যা ও উদাহরণসহ উপস্থাপন করা হলো:-

### ১। ২০২০-২১ কর বছরের জন্য প্রযোজ্য আয়কর হার

### (ক) ব্যক্তি করদাতাসহ অন্যান্য করদাতার (কোম্পানি এবং ব্যক্তি-সংঘ ব্যতীত) জন্য সাধারণ করহার

অর্থ আইন, ২০২০ এ বর্ণিত করহারের তফসিল অনুযায়ী প্রত্যেক নিবাসী ব্যক্তি-করদাতা (অনিবাসী বাংলাদেশীসহ), হিন্দু অবিভক্ত পরিবার, অংশীদারী ফার্ম, ফান্ড,

ট্রাস্ট ও আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম সত্তার মোট আয়ের উপর আয়করের হার হবে নিম্নরূপ:

| | মোট আয় | কর হার |
|---|---|---|
| (১) | প্রথম ৩,০০,০০০  টাকা পর্যন্ত মোট আয়ের উপর | শূন্য |
| (২) | পরবর্তী ১,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ৫% |
| (৩) | পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ১০% |
| (৪) | পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ১৫% |
| (৫) | পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ২০% |
| (৬) | অবশিষ্ট মোট আয়ের উপর | ২৫% |

তবে, উপরিলিখিত করহার করদাতার মর্যাদা নির্বিশেষে সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসা হতে অর্জিত আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

মহিলা করদাতা,  ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সের করদাতা, প্রতিবন্ধী ব্যক্তি (person with disability) করদাতা এবং গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার ক্ষেত্রে করমুক্ত সীমা হবে নিম্নরূপ:

(১) মহিলা করদাতা এবং ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সের করদাতা: ৩,৫০,০০০ টাকা;

(২) প্রতিবন্ধী ব্যক্তি করদাতা: ৪,৫০,০০০ টাকা;

(৩) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা: ৪,৭৫,০০০ টাকা।

কোনো প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক প্রতিবন্ধী সন্তান/পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০ টাকা বেশি হবে। প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যেকোনো একজন এ সুবিধা পাবেন।

মোট আয়ের পরিমাণ করমুক্ত আয়সীমার অধিক হলে প্রদেয় ন্যূনতম আয়করের পরিমাণ হবে নিম্নরূপ:

| এলাকা | ন্যূনতম করের হার (টাকা) |
|---|---|
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৫,০০০ |
| অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৪,০০০ |
| সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা | ৩,০০০ |

করমুক্ত সীমার উর্ধ্বে আয় আছে এমন করদাতার প্রদেয় আয়করের পরিমাণ বা বিনিয়োগজনিত কর রেয়াত বিবেচনার পর প্রদেয় আয়করের পরিমাণ ন্যূনতম আয়করের চেয়ে কম, শূন্য বা ঋণাত্মক হলেও তাকে প্রযোজ্য হারে ন্যূনতম আয়কর পরিশোধ করতে হবে।

কোনো করদাতা স্বল্প উন্নত এলাকা (less developed area) বা সবচেয়ে কম উন্নত এলাকায় (least developed area) অবস্থিত কোনো ক্ষুদ্র বা কুটির শিল্পের মালিক হলে এবং উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকলে করদাতার উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্প হতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত প্রযোজ্য হবে:

| | **বিবরণ** | **রেয়াতের হার** |
|---|---|---|
| (১) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বছরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বছরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নয় | উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫% |
| (২) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বছরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বছরের উৎপাদনের | উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের |

| | | |
|---|---|---|
| | পরিমাণের তুলনায় ২৫% এর অধিক | ১০% |

**(খ) অনলাইনে রিটার্ন দাখিল করলে কর রেয়াত**

অর্থ আইন, ২০২০ এর তফসিল ২ এর প্রথম অংশের অনুচ্ছেদ- ক অনুযায়ী প্রথমবারের মতো আয়কর রিটার্ন দাখিলকারী ব্যক্তি করদাতা (individual taxpayer) অনলাইনে ২০২০-২০২১ কর বছরের রিটার্ন দাখিল করলে কর রেয়াত প্রাপ্ত হবেন। এক্ষেত্রে নিম্নরূপ শর্তসমূহ পরিপালন করতে হবে-

১। টিআইএন রেজিস্ট্রেশন ইস্যুর তারিখ নির্বিশেষে প্রথমবারের মতো আয়কর রিটার্ন দাখিলকারী করদাতা;
২। তাকে অনলাইনে আয়কর রিটার্ন দাখিল করতে হবে;
৩। করদাতা যদি পূর্বের কোনো করবছরের জন্য ম্যানুয়ালি বা অনলাইনে আয়কর রিটার্ন দাখিল করেন তবে তিনি এ রেয়াত প্রাপ্য হবেন না।
৪। ধারা 82C(2)(d) এর প্রোভাইসো মোতাবেক চূড়ান্ত করদায় হয় শুধুমাত্র এমন আয় রয়েছে এ সকল করদাতারা প্রথমবারের মতো অনলাইনে রিটার্ন দাখিল করলে ২,০০০ টাকার রেয়াত প্রযোজ্য হবে না।

অর্থ আইন, ২০২০ অনুযায়ী অনলাইনে ২০২০-২০২১ কর বছরের রিটার্ন দাখিলকারী করদাতা বিনিয়োগ রেয়াত পরবর্তী প্রদেয় কর হইতে অতিরিক্ত ২,০০০/- টাকা কর রেয়াত প্রাপ্য হবেন। অর্থাৎ প্রথমে করদাতার বিনিয়োগ রেয়াত পরবর্তী প্রদেয় মোট করদায় নিরূপণ করতে হবে। অতঃপর অনলাইনে রিটার্ন দাখিলের জন্য ২০০০/- টাকা কর রেয়াত বাদ দিতে হবে। অনলাইনে রিটার্ন দাখিল জনিত কর রেয়াত বাদ দেয়ার পর উৎসে কর কর্তন বা অগ্রিম কর পরিশোধ করা থাকলে তার ক্রেডিট দিতে হবে। যেক্ষেত্রে নিরূপিত প্রদেয় মোট করদায় হিসেবে ন্যূনতম কর ধার্য হয় সেক্ষেত্রে ন্যূনতম করদায় হতে ২০০০/- টাকা কর রেয়াত পাওয়া যাবে।

**উদাহরণ ১-১**

ধরা যাক, মিজ্ অরণ্য অহম ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের একজন করদাতা। ২০২০-২০২১ কর বছরে তার মোট আয়ের পরিমাণ ৬,০০,০০০ টাকা। তিনি ২০১৯-২০২০ আয় বছরে ১,০০,০০০ টাকার সঞ্চয়পত্র ক্রয় করেন এবং জীবন বীমার কিস্তি পরিশোধ করেন ৫০,০০০ টাকা। তিনি প্রথম বারের মতো আয়কর রিটার্ন দাখিল করবেন। মিজ্ অরণ্য অহমের করদায় নিম্নরূপে পরিগণনা করতে হবে।

মিজ্ অরণ্য অহমের বিনিয়োগ রেয়াত পূর্ববর্তী করদায় = ২০,০০০ টাকা
বিনিয়োগ রেয়াতের পরিমাণ = ২২,৫০০ টাকা
পার্থক্য = (২,২৫০) টাকা
মিজ্ অরণ্য অহমের প্রদেয় করদায় (ন্যূনতম কর) = ৫,০০০ টাকা

মিজ্ অরণ্য অহম যেহেতু প্রথমবারের মতো রিটার্ন দাখিল করছেন, তিনি অনলাইনে রিটার্ন দাখিল করলে ২,০০০ টাকা কর রেয়াত পাবেন। সেক্ষেত্রে তার পরিশোধযোগ্য অংক হবে (৫,০০০-২,০০০) টাকা বা ৩,০০০ টাকা।

**উদাহরণ ১-২**

২০২০-২০২১ কর বছরে জনাব জাবির হাসানের মোট আয় ৬,০০,০০০ টাকা । তার আয় হতে ৫,০০০ টাকা উৎসে কর কর্তন করা হয়েছে। ২০১৯-২০২০ অর্থ বছরে তিনি ১,০০,০০০ টাকা সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ করেন। জনাব হাসান প্রথমবারের মতো আয়কর রিটার্ন দাখিল করবেন এবং তিনি অনলাইনে রিটার্ন দাখিল করবেন। জনাব জাবির হাসানের করদায় নিম্নরূপে পরিগণনা করতে হবে।

জনাব হাসানের বিনিয়োগ রেয়াত পূর্ববর্তী করদায় = ২৫,০০০ টাকা
বিনিয়োগ রেয়াতের পরিমাণ = ১৫,০০০ টাকা
বিনিয়োগ রেয়াত পরবর্তী প্রদেয় করদায় = ১০,০০০ টাকা
বাদ: অনলাইনে রিটার্ন দাখিলের জন্য কর রেয়াত = ২,০০০ টাকা
রেয়াত পরবর্তী করদায় = ৮,০০০ টাকা
বাদ: উৎসে পরিশোধিত কর = ৫,০০০ টাকা
পরিশোধযোগ্য অংক = ৩,০০০ টাকা

জনাব হাসানকে ৩,০০০ টাকা কর পরিশোধ করতে হবে।

**উদাহরণ ১-৩**

২০২০-২০২১ কর বছরে জনাব মারুফ উল আবেদীনের মোট আয় ৬,০০,০০০ টাকা । তার আয় হতে ১০,০০০ টাকা উৎসে কর কর্তন করা হয়েছে। ২০১৯-২০২০ অর্থ বছরে তিনি ১,০০,০০০ টাকার সঞ্চয়পত্র ক্রয় করেন। জনাব মারুফ প্রথমবারের মতো আয়কর রিটার্ন দাখিল করবেন এবং তিনি অনলাইনে রিটার্ন দাখিল করবেন। জনাব মারুফের করদায় নিম্নরূপে পরিগণনা করতে হবে।

| | |
|---|---|
| জনাব মারুফের বিনিয়োগ রেয়াত পূর্ববর্তী করদায় | = ২৫,০০০ টাকা |
| বিনিয়োগ রেয়াতের পরিমাণ | = ১৫,০০০ টাকা |
| বিনিয়োগ রেয়াত পরবর্তী প্রদেয় করদায় | = ১০,০০০ টাকা |
| বাদ: অনলাইনে রিটার্ন দাখিলের জন্য কর রেয়াত | = ২,০০০ টাকা |
| রেয়াত পরবর্তী করদায় | = ৮,০০০ টাকা |
| বাদ: উৎসে পরিশোধিত করের পরিমাণ | = ১০,০০০ টাকা |
| প্রত্যর্পণযোগ্য করের পরিমাণ | = ২,০০০ টাকা |

জনাব মারুফের প্রত্যর্পণযোগ্য করের পরিমাণ ২,০০০ টাকা।

**উদাহরণ ১-৪**

২০১৯-২০২০ আয় বছরে মিজ্ নীলা সলিলের মোট আয় ৬,৫০,০০০ টাকা। তিনি সঞ্চয়পত্রে বিনিয়োগের বিপরীতে মুনাফা হিসেবে ৩,৭৫,০০০ টাকা এবং ব্যাংক সুদ হিসেবে ২,৭৫,০০০ টাকা প্রাপ্ত হয়েছেন। সঞ্চয়পত্রের মুনাফা হতে ৩৭,৫০০ টাকা এবং ব্যাংক সুদ হতে ২৭,৫০০ টাকা উৎসে কর কর্তন করা হয়েছে। করদাতার অন্যকোনো প্রকার আয় নেই। ২০১৯-২০২০ অর্থ বছরে তিনি ১,০০,০০০ টাকার ট্রেজারী বন্ড ক্রয় করেন। ৩০.০৬.২০২০ তারিখে তার নীট সম্পদের পরিমাণ ১,৮৫,০০,০০০ টাকা। করদাতা প্রথমবারের মতো আয়কর রিটার্ন দাখিল করবেন এবং তিনি তা অনলাইনে দাখিল করবেন। মিজ্ নীলা সলিলের করদায় নিম্নোক্তভাবে পরিগণনা করতে হবে-

১. মিজ্ নীলা সলিলের মোট আয় ৬,৫০,০০০ টাকা।

২. সঞ্চয়পত্রের মুনাফা ৩,৭৫,০০০ টাকার বিপরীতে উৎসে কর্তিত কর ৩৭,৫০০ টাকা সঞ্চয়পত্রের মুনাফার বিপরীতে চূড়ান্ত করদায় হিসেবে বিবেচিত হবে।

৩. মিজ্ নীলা সলিলের করমুক্ত সীমার পরিমাণ ৩,৫০,০০০ টাকা হওয়ায় ব্যাংক সুদ ২,৭৫,০০০ টাকার বিপরীতে করদায় শূন্য টাকা।

৪. মিজ্ সলিলের মোট আয়ের উপর করদায় ৩৭,৫০০ টাকা

৫. যেহেতু কর রেয়াতযোগ্য আয়- ব্যাংক সুদের বিপরীতে কোনো করদায় নেই তাই বিনিয়োগ কর রেয়াতের পরিমাণ শূন্য।

| | |
|---|---|
| মিজ্ সলিলের বিনিয়োগ রেয়াত পূর্ববর্তী করদায় | = ৩৭,৫০০ টাকা |
| বিনিয়োগ রেয়াতের পরিমাণ | = শূন্য টাকা |
| বিনিয়োগ রেয়াত পরবর্তী প্রদেয় করদায় | = ৩৭,৫০০ টাকা (চূড়ান্ত করদায়) |
| বাদ: উৎসে পরিশোধিত করের পরিমাণ | = ৬৫,০০০ টাকা (৩৭,৫০০ টাকা + ২৭,৫০০ টাকা) |
| প্রত্যর্পণযোগ্য করের পরিমাণ | = ২৭,৫০০ টাকা |

করদাতার নিয়মিত আয়ের বিপরীতে প্রদেয় করদায় শূন্য। তাই করদাতা অনলাইনে আয়কর রিটার্ন দাখিল করলে ২০০০ টাকার কর রেয়াত প্রাপ্য হবেন না।

**উদাহরণ ১-৫**

২০১৯-২০২০ আয় বছরে জনাব মেহেদী হাসানের মোট আয় ১০,৭৫,০০০ টাকা। তিনি সঞ্চয়পত্রে বিনিয়োগের বিপরীতে মুনাফা হিসেবে ৩,০০,০০০ টাকা, ব্যাংক সুদ হিসেবে ১,৭৫,০০০ টাকা প্রাপ্ত হয়েছেন এবং ব্যবসায়িক আয় হিসেবে ৬,০০,০০০ টাকা প্রাপ্ত হয়েছেন। সঞ্চয়পত্রের মুনাফা হতে ৩০,০০০ টাকা এবং ব্যাংক সুদ হতে ১৭,৫০০ টাকা উৎসে কর কর্তন করা হয়েছে। করদাতার অন্যকোনো প্রকার আয় নেই। ২০১৯-২০২০ অর্থ বছরে তিনি ১,০০,০০০ টাকার ট্রেজারী বন্ড ক্রয় করেন। ৩০.০৬.২০২০ তারিখে তার নীট সম্পদের পরিমাণ ২,২৫,০০,০০০ টাকা। করদাতা প্রথমবারের মতো আয়কর রিটার্ন দাখিল করবেন এবং তিনি তা অনলাইনে দাখিল করবেন। জনাব মেহেদী হাসানের করদায় নিম্নোক্তভাবে পরিগণনা করতে হবে-

১. জনাব মেহেদী হাসানের মোট আয় ১০,৭৫,০০০ টাকা।

২. সঞ্চয়পত্রের মুনাফা ৩,০০,০০০ টাকার বিপরীতে উৎসে কর্তিত কর ৩০,০০০ টাকা সঞ্চয়পত্রের মুনাফার বিপরীতে চূড়ান্ত করদায় হিসেবে বিবেচিত হবে।

৩. জনাব মেহেদী হাসানের ব্যাংক সুদ ১,৭৫,০০০ টাকা এবং ব্যবসায়িক আয় ৬,০০,০০০ টাকাসহ মোট আয় ৭,৭৫,০০০ টাকার বিপরীতে করদায় ৪৬,২৫০ টাকা।

৪. জনাব মেহেদী হাসানের মোট আয়ের উপর করদায় ৭৬,২৫০ টাকা

৫. বিনিয়োগ কর রেয়াতের পরিমাণ ১৫,০০০ টাকা

জনাব হাসানের বিনিয়োগ রেয়াত পূর্ববর্তী করদায় = ৭৬,২৫০ টাকা

বিনিয়োগ রেয়াতের পরিমাণ = ১৫,০০০ টাকা

বিনিয়োগ রেয়াত পরবর্তী প্রদেয় করদায় = ৬১,২৫০ টাকা

বাদ: অনলাইনে রিটার্ন দাখিলের জন্য কর রেয়াত = ২,০০০ টাকা

রেয়াত পরবর্তী করদায় = ৫৯,২৫০ টাকা

বাদ: উৎসে পরিশোধিত করের পরিমাণ = ৪৭,৫০০ টাকা (৩০,০০০ টাকা + ১৭,৫০০ টাকা )

পরিশোধযোগ্য অংক = ১১,৭৫০ টাকা

জনাব মেহেদী হাসানকে অনলাইনে রিটার্ন দাখিলের সময় ১১,৭৫০ টাকা কর পরিশোধ করতে হবে।

## (গ) কোম্পানি এবং ব্যক্তি-সংঘ ব্যতীত নির্দিষ্ট শ্রেণির করদাতার উপর সর্বোচ্চ করহার

কোম্পানি এবং ব্যক্তি-সংঘ ব্যতীত নিম্নোক্ত অন্যান্য শ্রেণির করদাতার উপর নিম্নরূপ সর্বোচ্চ হারে আয়কর আরোপিত হবে:

| করদাতার শ্রেণি | করহার |
|---|---|
| (১) কোম্পানি এবং ব্যক্তিসংঘ নহে, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশি ব্যতীত) এইরূপ অন্যান্য সকল করদাতার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর- | ৩০% |
| (২) সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার (কোম্পানি ব্যতীত) উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর -- | ৪৫% |
| (৩) সমবায় সমিতি আইন, ২০০১ অনুযায়ী নিবন্ধিত সমবায় | ১৫% |

| সমিতির আয়ের উপর -- | |
|---|---|

**(ঘ) কোম্পানির করহার**

২০২০-২১ কর বছরে কোম্পানির আয়করের হার (লভ্যাংশ আয় ও মূলধনী আয় ব্যতীত) নিম্নরূপ:

| | কোম্পানির ধরন | কর হার | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | পাবলিকলি ট্রেডেড নয় এরূপ কোম্পানি (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত নয় এমন কোম্পানি) | ৩২.৫% | |
| (২) | পাবলিকলি ট্রেডেড কোম্পানি (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানি) | ২৫% | শর্ত: যদি এরূপ কোম্পানি যা Publicly traded company নয়, তার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offering (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহলে এরূপ কোম্পানি উক্ত হস্তান্তর সংশ্লিষ্ট বছরে প্রযোজ্য আয়করের উপর ১০% হারে আয়কর রেয়াত লাভ করবে। |
| (৩) | ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠানসমূহ (মার্চেন্ট ব্যাংক ব্যতীত): পাবলিকলি ট্রেডেড হলে | ৩৭.৫% ৪০% | |

| | কোম্পানির ধরন | কর হার | মন্তব্য |
|---|---|---|---|
| | পাবলিকলি ট্রেডেড না হলে | | |
| (৪) | মার্চেন্ট ব্যাংক | ৩৭.৫% | |
| (৫) | সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারী কোম্পানি | ৪৫% | |
| (৬) | মোবাইল ফোন অপারেটর কোম্পানি | ৪৫% | শর্ত: (১) যদি এরূপ কোনো কোম্পানি তার পরিশোধিত মূলধনের ন্যূনতম ১০% শেয়ার, যার মধ্যে Pre Initial Public Offering Placement ৫% এর অধিক হবে না, স্টক এক্সচেঞ্জের মাধ্যমে হস্তান্তর করে Publicly traded company তে রূপান্তরিত করে তাহলে তার কর হার হবে ৪০%;<br><br>(২) এরূপ কোনো কোম্পানি যদি তার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offering (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহলে হস্তান্তর সংশ্লিষ্ট বছরে প্রযোজ্য আয়কর এর উপর ১০% হারে কর রেয়াত পাবে। |

**(ঙ) লভ্যাংশ আয়ের করহার**

| | |
|---|---|
| কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীনে বাংলাদেশে নিবন্ধিত কোনো কোম্পানি অথবা আইন অনুযায়ী গঠিত সংবিধিবদ্ধ কোনো প্রতিষ্ঠান হতে ১৪ আগস্ট, ১৯৪৭ এর পরে ইস্যুকৃত, প্রতিশ্রুত ও পরিশোধিত পুঁজির উপরে ঘোষিত ও পরিশোধিত ডিভিডেন্ড আয়ের উপর বা বাংলাদেশে নিবন্ধিত নয় এরূপ বিদেশি কোম্পানির মুনাফা প্রত্যাবাসন যা Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 2 এর clause (26) এর sub-clause (dd) অনুসারে লভ্যাংশ হিসেবে গণ্য, তার উপর প্রযোজ্য কর | উক্ত আয়ের ২০% |

**(চ) ব্যক্তি-সংঘের করহার**

অর্থ আইন, ২০২০ অনুযায়ী ব্যক্তি-সংঘের আয়ের উপর করহার ৩২.৫% নির্ধারণ করা হয়েছে।

সকল শ্রেণির করদাতাদের জন্য ২০২০-২১ কর বছরে প্রযোজ্য আয়কর হারের তফসিল: পরিশিষ্ট ১, প্রথম অংশ দ্রষ্টব্য।

**২। সারচার্জ**

২০১৯-২০ কর বছরে ব্যক্তি-করদাতার ক্ষেত্রে প্রযোজ্য সারচার্জের হার ২০২০-২১ কর বছরেও বহাল থাকবে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৮০ অনুযায়ী ব্যক্তি-করদাতা কর্তৃক দাখিলকৃত পরিসম্পদ, দায় ও খরচের বিবরণীতে প্রদর্শনযোগ্য নীট পরিসম্পদের ভিত্তিতে করদাতার প্রদেয় আয়করের উপর ২০২০-২১ কর বছরে নিম্নবর্ণিত হারে সারচার্জ আরোপযোগ্য হবে:

| সম্পদ | সারচার্জের হার | ন্যূনতম সারচার্জ |
|---|---|---|
| (ক) নীট পরিসম্পদের মূল্যমান তিন কোটি টাকা | শূন্য | শূন্য |

| সম্পদ | সারচার্জের হার | ন্যূনতম সারচার্জ |
|---|---|---|
| পর্যন্ত- | | |
| (খ) নীট পরিসম্পদের মূল্যমান তিন কোটি টাকার অধিক কিন্তু পাঁচ কোটি টাকার অধিক নয়;<br>বা, নিজ নামে একের অধিক মোটর গাড়ি<br>বা, কোনো সিটি কর্পোরেশন এলাকায় মোট ৮,০০০ বর্গফুটের অধিক আয়তনের গৃহ-সম্পত্তি | ১০% | ৩,০০০ টাকা |
| (গ) নীট পরিসম্পদের মূল্যমান পাঁচ কোটি টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নয়- | ১৫% | |
| (ঘ) নীট পরিসম্পদের মূল্যমান দশ কোটি টাকার অধিক কিন্তু পনের কোটি টাকার অধিক নয়- | ২০% | ৫,০০০ টাকা |
| (ঙ) নীট পরিসম্পদের মূল্যমান পনের কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নয়- | ২৫% | |
| (চ) নীট পরিসম্পদের মূল্যমান বিশ কোটি টাকার অধিক যেকোনো অংকের উপর- | ৩০% | |

তবে শর্ত থাকে যে, যেসকল করদাতার নীট পরিসম্পদ ৫০ কোটি টাকা বা তার উর্ধ্বে সেসকল করদাতার সারচার্জ এর পরিমাণ হবে উক্ত করদাতার নীট পরিসম্পদের ০.১% অথবা আয়কর প্রযোজ্য এরূপ আয়ের উপর প্রযোজ্য আয়করের ৩০% হারে প্রদেয় সারচার্জ, এ দুটির মধ্যে যেটি বেশি।

সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ আরোপ হবে।

সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ যেকোনো তামাকজাত পণ্য প্রস্তুতকারক কোনো ব্যক্তি- করদাতার নীট পরিসম্পদের মূল্যমান তিন কোটি টাকা অতিক্রম করলে বা অন্যান্য শর্ত পূরণ করলে তাকে নীট সম্পদের ভিত্তিতে প্রদেয় সারচার্জ এবং তার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ- উভয়টি পরিশোধ করতে হবে।

অনলাইনে রিটার্ন দাখিল করলেও করদাতাকে বিনিয়োগ রেয়াত পরবর্তী প্রদেয় করের উপর সারচার্জ প্রযোজ্য হবে।

### ৩। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ২ এর সংশোধন

**অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ২ তে আনীত সংশোধনীসমূহ নিম্নরূপ:**

#### (ক) Fair market value এর সংজ্ঞা পরিবর্তন: ক্লজ (৩০) এর সংশোধন

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ২ এর ক্লজ (৩০) এর ন্যায্য বাজারমূল্য (Fair market value) এর সংজ্ঞাটি অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে সংশোধন করা হয়েছে। Fair market value এর সংজ্ঞা তে "in relation to capital asset" শব্দগুলির পরে ব্যবসা বা উদ্যোগ (a business or undertaking) শব্দগুলি সন্নিবেশিত হয়েছে। এছাড়া sub-clause (a) তে "the price which such asset" শব্দগুলির পরে "or such business or undertaking" শব্দগুলি সন্নিবেশিত হয়েছে। ফলে উপকর কমিশনার মূলধনী সম্পদের পাশাপাশি ব্যবসা বা উদ্যোগের ন্যায্য বাজার মূল্য নির্ধারণ করতে পারবেন।

এ বিধান ২০২০-২১ কর বছর হতে কার্যকর হবে।

#### (খ) Income year এর সংজ্ঞা: ক্লজ (৩৫) এর সংশোধন

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ২ এর ক্লজ (৩৫) এর income year এর সংজ্ঞাটি অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে সংশোধন করা হয়েছে। আয়বর্ষ (income year) এর সংজ্ঞায় অর্থবছর (financial year) এর ধারণা সুস্পষ্টভাবে অন্তর্ভূক্ত করা হয়েছে। এর মাধ্যমে কর বছরের পূর্বের অর্থবছরকে আয়বছর হিসেবে অভিহিত করা হয়েছে।

এই বিধান ২০২০-২১ কর বছর হতে কার্যকর হবে।

**৪। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ নতুন ধারা 16H সংযোজন**

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশে নতুন ধারা 16H সংযোজনের মাধ্যমে বিনিয়োগ, আমদানি ও রপ্তানির পার্থক্যের উপর করারোপ করা হয়েছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অন্যান্য বিধানকে ক্ষুণ্ন না করে ধারা 16H মোতাবেক নিম্নোক্তভাবে করারোপ করা হবে-

(ক) কোনো করদাতা কোনো আয়বছরের জন্য তার দাখিলকৃত বিবরণীতে কোনো আমদানি বা রপ্তানির দাবী করলে এবং উক্ত বিবরণীতে প্রদর্শিত আমদানি বা রপ্তানির জন্য যথাক্রমে পরিশোধিত বা গৃহীত অর্থের পরিমাণের সাথে প্রকৃত লেনদেনমূল্যের (Actual Transaction Value) পার্থক্য পরিলক্ষিত হলে, উক্ত পার্থক্যের উপর পঞ্চাশ শতাংশ (৫০%) কর পরিশোধযোগ্য হবে।

(খ) কোনো করদাতা কোনো আয়বছরের জন্য তার দাখিলকৃত বিবরণীতে কোনো বিনিয়োগ করেছেন মর্মে দাবী করলে এবং প্রকৃত বিনিয়োগের অর্থের পরিমাণ উক্ত বিবরণীতে প্রদর্শিত বিনিয়োগের অর্থের তুলনায় কম পরিলক্ষিত হলে, প্রদর্শিত ও প্রকৃত বিনিয়োগের অর্থের পরিমাণের পার্থক্যের উপর পঞ্চাশ শতাংশ (৫০%) কর পরিশোধযোগ্য হবে।

এ বিধান ২০২০-২১ কর বছর থেকে কার্যকর হবে।

**উদাহরণ ৪-১**

২০১৯-২০২০ অর্থ বছরের জন্য দাখিলকৃত বিবরণীতে XYZ Ltd. কোম্পানি আমদানির পরিমাণ প্রদর্শন করেছে ১০ কোটি টাকা। কর নির্ধারণকালে করদাতার উক্ত আমদানির প্রকৃত লেনদেনমূল্য ১৫ কোটি টাকা পরিলক্ষিত হয়। এক্ষেত্রে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অন্যান্য বিধানাবলীর যথাযথ প্রয়োগের পাশাপাশি উপকর কমিশনার ধারা ১৬এইচ অনুযায়ী নিম্নোক্তভাবে করারোপ করবেন।

পার্থক্যের পরিমাণ = (১৫-১০) কোটি টাকা।

পরিশোধযোগ্য করের পরিমাণ = ৫ কোটি × ৫০% = ২.৫ কোটি টাকা।

অর্থাৎ XYZ Ltd. কোম্পানিকে তার সাধারণ করদায়ের পাশপাশি ধারা ১৬এইচ অনুযায়ী আরো ২.৫ কোটি টাকা অতিরিক্ত কর পরিশোধ করতে হবে।

**উদাহরণ ৪-২**

২০১৯-২০২০ অর্থ বছরের জন্য দাখিলকৃত বিবরণীতে ABC Ltd. কোম্পানি আমদানির পরিমাণ প্রদর্শন করেছে ১৫ কোটি টাকা। কর নির্ধারণকালে করদাতার উক্ত আমদানির প্রকৃত লেনদেনমূল্য ১০ কোটি টাকা পরিলক্ষিত হয়। এক্ষেত্রে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অন্যান্য বিধানাবলীর যথাযথ প্রয়োগের পাশাপাশি উপকর কমিশনার ধারা ১৬এইচ অনুযায়ী নিম্নোক্তভাবে করারোপ করবেন।

পার্থক্যের পরিমাণ = (১৫-১০) কোটি টাকা।

পরিশোধযোগ্য করের পরিমাণ = ৫ কোটি × ৫০% = ২.৫ কোটি টাকা।

অর্থাৎ ABC Ltd. কোম্পানিকে তার সাধারণ করদায়ের পাশপাশি ধারা ১৬এইচ অনুযায়ী আরো ২.৫ কোটি টাকা অতিরিক্ত কর পরিশোধ করতে হবে।

**উদাহরণ ৪-৩**

২০১৯-২০২০ অর্থ বছরের জন্য দাখিলকৃত বিবরণীতে **MNO** Ltd. কোম্পানি রপ্তানির পরিমাণ প্রদর্শন করেছে ১৫ কোটি টাকা। কর নির্ধারণকালে করদাতার উক্ত রপ্তানির প্রকৃত লেনদেনমূল্য ২০ কোটি টাকা পরিলক্ষিত হয়। এক্ষেত্রে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অন্যান্য বিধানাবলীর যথাযথ প্রয়োগের পাশাপাশি উপকর কমিশনার ধারা ১৬এইচ অনুযায়ী নিম্নোক্তভাবে করারোপ করবেন।

পার্থক্যের পরিমাণ = (২০-১৫) কোটি টাকা।

পরিশোধযোগ্য করের পরিমাণ = ৫ কোটি × ৫০% = ২.৫ কোটি টাকা।

অর্থাৎ MNO Ltd. কোম্পানিকে তার সাধারণ করদায়ের পাশাপাশি ধারা ১৬এইচ অনুযায়ী আরো ২.৫ কোটি টাকা অতিরিক্ত কর পরিশোধ করতে হবে।

**উদাহরণ ৪-৪**

২০১৯-২০২০ অর্থ বছরের জন্য দাখিলকৃত বিবরণীতে DEF Ltd. কোম্পানি রপ্তানির পরিমাণ প্রদর্শন করেছে ২০ কোটি টাকা। কর নির্ধারণকালে করদাতার উক্ত রপ্তানির প্রকৃত লেনদেনমূল্য ১৫ কোটি টাকা পরিলক্ষিত হয়। এক্ষেত্রে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অন্যান্য বিধানাবলীর যথাযথ প্রয়োগের পাশাপাশি উপকর কমিশনার ধারা ১৬এইচ অনুযায়ী নিম্নোক্তভাবে করারোপ করবেন।

পার্থক্যের পরিমাণ = (২০-১৫) কোটি টাকা।

পরিশোধযোগ্য করের পরিমাণ = ৫ কোটি × ৫০% = ২.৫ কোটি টাকা।

অর্থাৎ DEF Ltd. কোম্পানিকে তার সাধারণ করদায়ের পাশাপাশি ধারা ১৬এইচ অনুযায়ী আরো ২.৫ কোটি টাকা অতিরিক্ত কর পরিশোধ করতে হবে।

**উদাহরণ ৪-৫**

২০১৯-২০২০ অর্থ বছরের জন্য দাখিলকৃত বিবরণীতে PQR Ltd. কোম্পানি প্ল্যান্ট অ্যান্ড মেশিনারিজে বিনিয়োগের পরিমাণ প্রদর্শন করেছে ২০ কোটি টাকা। কর নির্ধারণকালে করদাতার প্রকৃত বিনিয়োগের পরিমাণ ১৫ কোটি টাকা পরিলক্ষিত হয়। এক্ষেত্রে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অন্যান্য বিধানাবলীর যথাযথ প্রয়োগের পাশাপাশি উপকর কমিশনার ধারা ১৬এইচ অনুযায়ী নিম্নোক্তভাবে করারোপ করবেন।

পার্থক্যের পরিমাণ = (২০-১৫) কোটি টাকা।

পরিশোধযোগ্য করের পরিমাণ = ৫ কোটি × ৫০% = ২.৫ কোটি টাকা।

অর্থাৎ PQR Ltd. কোম্পানিকে তার সাধারণ করদায়ের পাশাপাশি ধারা ১৬এইচ অনুযায়ী আরো ২.৫ কোটি টাকা অতিরিক্ত কর পরিশোধ করতে হবে।

### ৫। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ ধারা 19AAAA সংযোজন

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে নতুন ধারা 19AAAA সংযোজন করা হয়েছে। এ বিধানের মাধ্যমে অর্থের উৎসের ব্যাখ্যা ব্যতিরেকে সিকিউরিটিজে বিনিয়োগের সুযোগ সৃষ্টি করা হয়েছে। এ ধারার প্রয়োগের ক্ষেত্রে সিকিউরিটিজ বলতে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' কর্তৃক অনুমোদিত এবং তালিকাভুক্ত কোম্পানির স্টক, শেয়ার, মিউচুয়াল ফান্ড ইউনিট, বন্ড, ডিবেঞ্চার ও অন্যান্য সিকিউরিটিজ এবং পুঁজিবাজারে ক্রয়-বিক্রয়যোগ্য সকল সরকারি সিকিউরিটিজ ও বন্ড বুঝাবে।

নতুন এ বিধান অনুযায়ী যেকোনো ব্যক্তি-করদাতা বিনিয়োগকৃত অংকের ১০% হারে কর পরিশোধ করে পুঁজিবাজারে কোনো সিকিউরিটিজে বিনিয়োগ করলে বিনিয়োগকৃত অর্থের উৎস নিয়ে আয়কর কর্তৃপক্ষসহ অন্যকোনো কর্তৃপক্ষ কোনো প্রশ্ন উত্থাপন করতে পারবেন না। সেক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ পরিপালন করতে হবে, যথা:-

১. বিনিয়োগ অবশ্যই ১ জুলাই, ২০২০ হতে ৩০ জুন, ২০২১ (উভয় দিন অন্তর্ভূক্ত) সময়সীমার মধ্যে করতে হবে।

২. বিনিয়োগের ৩০ দিনের মধ্যে কর পরিশোধ করতে হবে।

৩. উক্ত বিনিয়োগ সম্পর্কে উপকর কমিশনারের নিকট IT D2020 ফর্মে (নতুন সংযোজিত বিধি 24B অনুযায়ী) ঘোষণাপত্র দাখিল করতে হবে।

৪. এ ধারার অধীন ঘোষিত বিনিয়োগের তারিখ হতে এক বছরের মধ্যে পুঁজিবাজার হতে বিনিয়োগকৃত কোনো অর্থ উত্তোলন করা হলে তা সংশ্লিষ্ট আয় বছরে করদাতার “অন্যান্য উৎসের আয়” হিসেবে গণ্য হবে।

৫. বিনিয়োগের তারিখে অথবা তার পূর্বে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অধীন করফাঁকির অভিযোগে কোনো কার্যধারা (proceeding) বা অন্যকোনো আইনের অধীন আর্থিক বিষয়ে কোনো কার্যধারা চালু হলে এ ধারার বিধান প্রযোজ্য হবে না।

৬. বি.ও. অ্যাকাউন্টে জমাকৃত টাকা ‘সিকিউরিটিজে’ বিনিয়োগ না করলে এ ধারার সুযোগ গ্রহণ করতে পারবেন না।

**উদাহরণ ৫-১**

জনাব ফখরুল ইসলাম ১০ কোটি টাকা ৩০ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে পুঁজিবাজারে বিনিয়োগ করলেন। বিনিয়োগের ৩০ দিনের মধ্যে অর্থাৎ ৩০ জুলাই, ২০২১ তারিখের মধ্যে ১০% হারে আয়কর পরিশোধের অর্থাৎ ১ কোটি টাকা আয়কর পরিশোধের প্রমাণাদিসহ উপকর কমিশনারের নিকট IT D2020 ফর্মে ঘোষণাপত্র দাখিল করবেন। করদাতা ৩০ জুন ২০২১ তারিখে সমাপ্য আয় বছরের জন্য প্রযোজ্য আয়কর রিটার্নে অর্থাৎ ২০২১-২০২২ কর বছরের জন্য প্রযোজ্য আয়কর রিটার্নে উক্ত বিনিয়োগ প্রদর্শন করতে পারবেন।

এছাড়াও ৩০ জুন ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ বা তার পূর্বে জনাব ফখরুল ইসলামের বিরুদ্ধে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অধীন করফাঁকির অভিযোগে কোনো কার্যধারা (proceeding) বা অন্যকোনো আইনের অধীন আর্থিক বিষয়ে কোনো কার্যধারা চালু হলে তিনি এ সুযোগ গ্রহণ করতে পারবেন না।

**উদাহরণ ৫-২**

জনাব মোহাম্মদ মুসা ১০ কোটি টাকা ৩০ মে, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে পুঁজিবাজারে বিনিয়োগ করলেন। বিনিয়োগের ৩০ দিনের মধ্যে অর্থাৎ ২৯ জুন, ২০২১ তারিখের মধ্যে ১০% হারে আয়কর পরিশোধের অর্থাৎ ১ কোটি টাকা আয়কর পরিশোধের প্রমাণাদিসহ তিনি উপকর কমিশনারের নিকট IT D2020 ফর্মে ঘোষণাপত্র দাখিল করবেন। করদাতা ৩০ মে, ২০২২ তারিখের মধ্যে যেকোনো তারিখে যদি উক্ত বিনিয়োগের অর্থ পুঁজিবাজার

হতে উত্তোলন করেন তবে বিনিয়োগের যে পরিমাণ অর্থ উত্তোলিত হয়েছে তা করদাতার ২০২১-২০২২ আয়বছরের অন্যান্য উৎস হতে আয় হিসেবে পরিগণিত হবে।

**উদাহরণ ৫-৩**

মিজ্ নিলুফার ইয়াসমিন ১০ কোটি টাকা ৩০ মে, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে পুঁজিবাজারে বিনিয়োগ করলেন। বিনিয়োগের ৩০ দিনের মধ্যে অর্থাৎ ২৯ জুন, ২০২১ তারিখের মধ্যে বিনিয়োগকৃত অংকের ১০% হারে আয়কর পরিশোধের অর্থাৎ ১ কোটি টাকা আয়কর পরিশোধের প্রমাণাদিসহ তিনি উপকর কমিশনারের নিকট IT D2020 ফর্মে ঘোষণাপত্র দাখিল করবেন। যদি করদাতা ২৯ জুন, ২০২১ তারিখের মধ্যে প্রযোজ্য কর পরিশোধে ব্যর্থ হন অথবা ২৯ জুন, ২০২১ তারিখের পরের কোনো তারিখে প্রযোজ্য কর পরিশোধ করেন তবে এ ধারার অধীন কর পরিশোধ করেছেন বলে গণ্য হবে না। যদি পরবর্তীকালে দেখা যায় করদাতা বিনিয়োগের তারিখের ৩০ দিনের মধ্যে কর পরিশোধ করেননি তাহলে প্রদর্শিত বিনিয়োগের অংক, ভিন্নরূপ কোনো ব্যাখ্যার অনুপস্থিতিতে, অন্যান্য উৎসের আয় হিসেবে গণ্য হবে।

**উদাহরণ ৫-৪**

পুঁজিবাজারে মিজ্ নামীরা নুজাইমার বিদ্যমান বিনিয়োগের পরিমাণ ৫০,০০,০০০ টাকা। তিনি ধারা 19AAAA মোতাবেক ৩০ জুলাই ২০২০ তারিখে পুঁজিবাজারে ১,৫০,০০,০০০ টাকা বিনিয়োগ করেন এবং বিধি মোতাবেক কর পরিশোধ করেন। ০৫ আগস্ট ২০২০ তারিখে তিনি সকল পুঁজি একত্রিত করে একটি নির্দিষ্ট স্টকে বিনিয়োগ করেন। ৬ সেপ্টেম্বর ২০২০ তারিখে ২০,০০,০০০ টাকা লোকসানে উক্ত স্টক বিক্রয় করেন। করদাতা ১০ সেপ্টেম্বর ২০২০ তারিখে ৫০,০০,০০০ টাকা পুঁজিবাজার হতে উত্তোলন করেন। ৩০ জুন ২০২১ তারিখে পুঁজিবাজার হতে করদাতার নীট মূলধনী মুনাফা ৩০,০০,০০০ টাকা। করদাতা পুঁজিবাজার হতে অর্জিত মুনাফা উত্তোলন না করে পুনঃবিনিয়োগ করেছেন এবং ৩০ জুন ২০২১ তারিখে মোট বিনিয়োগের স্থিতি ১,৬০,০০,০০০ টাকা।

লক্ষণীয়, ৬ সেপ্টেম্বর ২০২০ তারিখে ২০,০০,০০০ টাকা লোকসানে উক্ত স্টক বিক্রয়ের কারণে করদাতার মোট বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ১,৮০,০০,০০০ টাকা। অর্থাৎ ধারা 19AAAA মোতাবেক পুঁজিবাজারে করদাতার ১,৫০,০০,০০০ টাকা বিনিয়োগ অনুপাতিকভাবে হ্রাস পেয়ে ১,৩৫,০০,০০০ টাকা হয়। ধারা 19AAAA ব্যতীত পুঁজির পরিমাণ দাঁড়ায় ৪৫,০০,০০০ টাকা। ১০ সেপ্টেম্বর ২০২০ তারিখে করদাতা উত্তোলন করেন

৫০,০০,০০০ টাকা। অর্থাৎ করদাতা ৫,০০,০০০ টাকা (পাঁচ লক্ষ টাকা) ধারা 19AAAA মোতাবেক প্রদর্শিত বিনিয়োগ হতে উত্তোলন করেন। উক্ত ৫,০০,০০০ টাকা করদাতার ২০২১-২০২২ কর বছরের জন্য অন্যান্য উৎসের আয় হিসেবে পরিগণিত হবে।

### ৬. আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ ধারা 19AAAAA সংযোজন

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশের ধারা 19AAAAA সংযোজন করা হয়েছে। অপ্রদর্শিত সম্পত্তি, নগদ অর্থ, ইত্যাদি ক্ষেত্রে বিশেষ কর ব্যবস্থার বিধান হিসেবে এ ধারা সংযোজিত হয়েছে। নতুন এ বিধান অনুযায়ী কোনো ব্যক্তি করদাতা পূর্বের যেকোনো সময়ের অপ্রদর্শিত স্থাবর সম্পত্তির জন্য এ ধারার টেবিল-১ (জমির ক্ষেত্রে) ও টেবিল-২ ( বিল্ডিং বা এ্যাপার্টমেন্টের ক্ষেত্রে) অনুযায়ী বর্গমিটার প্রতি একটি নির্দিষ্ট হারে কর পরিশোধ করে এবং টেবিল-৩ এ বর্ণিত পূর্বের যেকোনো সময়ের অপ্রদর্শিত অস্থাবর সম্পত্তির জন্য ১০% হারে কর পরিশোধ করে বর্ণিত স্থাবর ও অস্থাবর সম্পত্তি প্রদর্শন করতে পারবেন। করদাতার এ সকল অপ্রদর্শিত সম্পদের উৎস নিয়ে আয়কর কর্তৃপক্ষসহ অন্যকোনো কর্তৃপক্ষ কোনো প্রশ্ন উত্থাপন করবে না যদি তিনি নিম্নবর্ণিত শর্তসমূহ পূরণ করেন, যথা:-

১. রিটার্ন অথবা সংশোধিত রিটার্ন (revised return) দাখিলের পূর্বে প্রযোজ্য কর পরিশোধ করতে হবে।

২. ১ জুলাই, ২০২০ হতে ৩০ জুন, ২০২১ (উভয় দিন অন্তর্ভূক্ত) সময়সীমার মধ্যে রিটার্ন বা সংশোধিত রিটার্ন দাখিল করতে হবে।

৩. রিটার্ন অথবা সংশোধিত রিটার্ন দাখিলের তারিখে অথবা তার পূর্বে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অধীন করফাঁকির অভিযোগে কোনো কার্যধারা (proceeding) বা অন্যকোনো আইনের অধীন আর্থিক বিষয়ে কোনো কার্যধারা চালু হলে এ ধারার বিধান প্রযোজ্য হবে না।

এই ধারার অধীন কর পরিশোধ পূর্বক সম্পদ প্রদর্শনের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনায় নিতে হবে, যথা:-

১. যেক্ষেত্রে নগদ (cash) প্রদর্শন করা হবে সেক্ষেত্রে তা ৩০ জুন ২০২০ তারিখের আইটি ১০বি হাতে নগদ বা ব্যাংকে নগদ অথবা ব্যবসায়ের পুঁজি হিসেবে প্রদর্শন করতে হবে।

২. অপ্রদর্শিত জমি অথবা বিল্ডিং বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে নির্ধারিত হার ব্যতীত অন্যকোনভাবে কর পরিশোধ করা যাবে না। অর্থাৎ অপ্রদর্শিত জমি অথবা বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট ক্রয়ের দলিলমূল্যকে অপ্রদর্শিত নগদ অর্থ হিসেবে প্রদর্শন করে ১০ শতাংশ হারে কর পরিশোধ করা যাবেনা। প্রতি বর্গমিটারের জন্য নির্ধারিত হারে কর পরিশোধ করতে হবে।

৩. এ ধারার অধীন কর পরিশোধ করে সম্পদ প্রদর্শনের ক্ষেত্রে কোনো প্রকার ঘোষণাপত্রের প্রয়োজন হবে না। দাখিলকৃত রিটার্ন বা সংশোধিত রিটার্নের সম্পদ বিবরণী অংশে যথাস্থানে তা প্রদর্শন করে "অন্যান্য প্রাপ্তির ঘরে" এতৎসংক্রান্ত ব্যাখ্যা প্রদান করতে হবে। প্রযোজ্যতা মোতাবেক প্রমাণক হিসেবে ব্যাংক বিবরণী, দলিলাদি প্রভৃতি সংযোজন/দাখিল করতে হবে।

৪. এ ধারার শর্ত পরিপালনপূর্বক ঘোষিত সম্পদ এবং সম্পদ সম্পর্কিত কোনো বিষয়ে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অন্যকোনো ধারায় কার্যক্রম গ্রহণ করা যাবে না।

**আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 19AAAAA অনুযায়ী করহার-**

**টেবিল-১**

| **ক্রঃ নং** | **সম্পত্তির বর্ণনা** | **করহার** |
|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** |
| ১. | ঢাকার গুলশান মডেল টাউন, বনানী, বারিধারা, মতিঝিল বাণিজ্যিক এলাকা ও দিলকুশা বাণিজ্যিক এলাকায় অবস্থিত ভূমি | প্রতি বর্গ মিটারে বিশ হাজার টাকা |
| ২. | ঢাকার ধানমন্ডি আবাসিক এলাকা, ডিফেন্স অফিসার্স হাউজিং সোসাইটি (ডিওএইচএস), মহাখালি, লালমাটিয়া হাউজিং সোসাইটি, উত্তরা মডেল টাউন, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা ক্যান্টনমেন্ট, সিদ্ধেশ্বরী , কারওয়ান | প্রতি বর্গ মিটারে পনের হাজার পাঁচ শত টাকা |

| | | |
|---|---|---|
| | বাজার, বিজয় নগর, ওয়ারী , সেগুনবাগিচা ও নিকুঞ্জ এবং চট্টগ্রামের পাঁচলাইশ, খুলশী , আগ্রাবাদ ও নাসিরাবাদ এলাকায় অবস্থিত ভূমি | |
| ৩. | ক্রমিক নং ১ ও ২ এ উল্লিখিত এলাকা ব্যতীত সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত ভূমি | প্রতি বর্গ মিটারে পাঁচ হাজার টাকা |
| ৪. | কোনো পৌরসভা বা জেলা সদর এলাকায় অবস্থিত ভূমি | প্রতি বর্গ মিটারে এক হাজার পাঁচ শত টাকা |
| ৫. | ক্রমিক নং ১, ২, ৩ ও ৪ এ উল্লিখিত এলাকা ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত ভূমি | প্রতি বর্গ মিটারে পাঁচশত টাকা |

**টেবিল-২**

| **ক্রঃ নং** | **সম্পত্তির বর্ণনা** | **করহার** |
|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** |
| ১. | ঢাকার গুলশান মডেল টাউন, বনানী, বারিধারা, মতিঝিল বাণিজ্যিক এলাকা ও দিলকুশা বাণিজ্যিক এলাকায় অবস্থিত অনধিক দুইশত বর্গমিটার পোতার আয়তন (plinth area) বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | প্রতি বর্গ মিটারে চার হাজার টাকা |
| ২. | ঢাকার গুলশান মডেল টাউন, বনানী, বারিধারা, মতিঝিল বাণিজ্যিক এলাকা ও দিলকুশা বাণিজ্যিক এলাকায় অবস্থিত দুইশত বর্গমিটারের অধিক পোতার আয়তন বিশিষ্ট | প্রতি বর্গ মিটারে ছয় হাজার টাকা |

| ক্রঃ নং | সম্পত্তির বর্ণনা | করহার |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | |
| ৩. | ঢাকার ধানমন্ডি আবাসিক এলাকা, ডিফেন্স অফিসার্স হাউজিং সোসাইটি (ডিওএইচএস), মহাখালি, লালমাটিয়া হাউজিং সোসাইটি, উত্তরা মডেল টাউন, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা ক্যান্টনমেন্ট, সিদ্ধেশ্বরী , কারওয়ান বাজার, বনশ্রী, বিজয় নগর, ওয়ারী , সেগুনবাগিচা ও নিকুঞ্জ এবং চট্টগ্রামের পাঁচলাইশ, খুলশী , আগ্রাবাদ ও নাসিরাবাদ এলাকায় অবস্থিত অনধিক দুইশত বর্গমিটার পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | প্রতি বর্গ মিটারে তিন হাজার টাকা |
| ৪. | ঢাকার ধানমন্ডি আবাসিক এলাকা, ডিফেন্স অফিসার্স হাউজিং সোসাইটি (ডিওএইচএস), মহাখালি, লালমাটিয়া হাউজিং সোসাইটি, উত্তরা মডেল টাউন, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা ক্যান্টনমেন্ট, সিদ্ধেশ্বরী , কারওয়ান বাজার, বনশ্রী, বিজয় নগর, ওয়ারী , সেগুনবাগিচা ও নিকুঞ্জ এবং চট্টগ্রামের পাঁচলাইশ, খুলশী , আগ্রাবাদ ও নাসিরাবাদ এলাকায় অবস্থিত দুইশত বর্গমিটারের অধিক পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | প্রতি বর্গ মিটারে তিন হাজার পাঁচ শত টাকা |
| ৫. | ক্রমিক নং ১, ২, ৩ ও ৪ এ উল্লিখিত এলাকা ব্যতীত সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত অনধিক একশত বিশ বর্গমিটার পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | প্রতি বর্গ মিটারে সাত শত টাকা |

| ক্রঃ নং | সম্পত্তির বর্ণনা | করহার |
|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** |
| ৬. | ক্রমিক নং ১, ২, ৩ ও ৪ এ উল্লিখিত এলাকা ব্যতীত সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত একশত বিশ বর্গমিটারের অধিক তবে অনধিক দুইশত বর্গমিটার পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | প্রতি বর্গ মিটারে আট শত পঞ্চাশ টাকা |
| ৭. | ক্রমিক নং ১, ২, ৩ ও ৪ এ উল্লিখিত এলাকা ব্যতীত সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত দুইশত বর্গমিটারের অধিক পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | প্রতি বর্গ মিটারে এক হাজার তিন শত টাকা |
| ৮. | কোনো জেলা সদরের পৌরসভা এলাকায় অবস্থিত অনধিক একশত বিশ বর্গমিটার পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | প্রতি বর্গ মিটারে তিন শত টাকা |
| ৯. | কোনো জেলা সদরের পৌরসভা এলাকায় অবস্থিত একশত বিশ বর্গমিটারের অধিক তবে অনধিক দুইশত বর্গমিটার  পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | প্রতি বর্গ মিটারে চার শত পঞ্চাশ টাকা |
| ১০. | কোনো জেলা সদরের পৌরসভা এলাকায় অবস্থিত দুইশত বর্গমিটারের অধিক  পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | প্রতি বর্গ মিটারে ছয় শত টাকা |
| ১১. | ক্রমিক নং ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০ এ উল্লিখিত এলাকা ব্যতীত অন্যকোনো এলাকায় অবস্থিত অনধিক একশত বিশ বর্গমিটার পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | প্রতি বর্গ মিটারে দুই শত টাকা |

| ক্রঃ নং | সম্পত্তির বর্ণনা | করহার |
|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** |
| ১২. | ক্রমিক নং ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০ এ উল্লিখিত এলাকা ব্যতীত অন্যকোনো এলাকায় অবস্থিত একশত বিশ বর্গমিটারের অধিক তবে অনধিক দুইশত বর্গমিটার পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | প্রতি বর্গ মিটারে তিন শত টাকা |
| ১৩. | ক্রমিক নং ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০ এ উল্লিখিত এলাকা ব্যতীত অন্যকোনো এলাকায় অবস্থিত দুইশত বর্গমিটারের অধিক পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | প্রতি বর্গ মিটারে পাঁচ শত টাকা |

**টেবিল-৩**

| ক্রঃ নং | সম্পত্তির বর্ণনা | করহার |
|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** |
| ১. | নগদ, ব্যাংকে গচ্ছিত অর্থ, আর্থিক স্কিম ও ইনস্ট্রুমেন্টস্ (financial schemes and instruments), সকল প্রকার ডিপোজিট বা সেভিং ডিপোজিট, সেভিং ইনস্ট্রুমেন্টস্ বা সার্টিফিকেট | মোট পরিমাণের দশ শতাংশ |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কর্তৃক অনুমোদিত এবং তালিকাভুক্ত কোম্পানির স্টক, শেয়ার, মিউচুয়াল ফান্ড ইউনিট, বন্ড, ডিবেঞ্চার ও অন্যান্য সিকিউরিটিজ, পুঁজিবাজারে ক্রয়বিক্রয়যোগ্য সকল সরকারি সিকিউরিটিজ ও বন্ড এবং যেকোনো প্রকার

অগ্রিম  ও ঋণ প্রদান আর্থিক ইনস্ট্রুমেন্টস্ (financial instruments) হিসেবে প্রদর্শন করা যাবে।

**উদাহরণ ৬-১**

জনাব নিয়াজ মোর্শেদ মিরপুরে ১০ শতক একটি জমি ২০১৫ সালে ক্রয় করেছিলেন। তিনি ২০১৯-২০২০ করবর্ষ পর্যন্ত দাখিলকৃত আয়কর রিটার্নে জমিটি প্রদর্শন করেননি। মিরপুরের জমিটি করদাতা ২০২০-২০২১ করবর্ষে ধারা 19AAAAA এর আওতায় কর পরিশোধ পূর্বক আয়কর রিটার্নে প্রদর্শন করতে পারবেন। ধারা 19AAAAA মোতাবেক কেবলমাত্র উক্ত জমির জন্য জনাব মোর্শেদের নিম্নরূপে কর পরিশোধ করতে হবে:

১০ শতক = ১০ × ৪০.৪৬৮৬ বর্গ মিটার
= ৪০৪.৬৮৬ বর্গ মিটার

ধারা 19AAAAA এর টেবিল-১ এর ক্রমিক নং ৩ অনুযায়ী মিরপুরের প্রতি বর্গ মিটার জমির জন্য ৫,০০০ টাকা কর পরিশোধ করতে হবে।
সুতরাং করের পরিমাণ হবে-

৪০৪.৬৮৬ × ৫,০০০ টাকা =  ২০,২৩,৪৩০ টাকা

**উদাহরণ ৬-২**

জনাব আলাউদ্দিন আহমেদ ২০০৭ সালে বরিশাল সিটি কর্পোরেশন এলাকায় ২০০ বর্গ মিটার পোতার আয়তনের (plinth area) একটি অ্যাপার্টমেন্ট  ক্রয় করেছিলেন। তিনি ২০১৯-২০২০ করবর্ষ পর্যন্ত দাখিলকৃত আয়কর রিটার্নে উক্ত অ্যাপার্টমেন্ট  প্রদর্শন করেননি। বরিশাল সিটি কর্পোরশনের অ্যাপার্টমেন্টটি করদাতা ২০২০-২০২১ কর বছরে ধারা 19AAAAA এর আওতায় কর পরিশোধ পূর্বক আয়কর রিটার্নে প্রদর্শন করতে পারবেন। ধারা 19AAAAA মোতাবেক কেবলমাত্র উক্ত অ্যাপার্টমেন্টের জন্য জনাব আহমেদের নিম্নরূপে কর পরিশোধ করতে হবে:

ধারা 19AAAAA এর টেবিল-২ এর ক্রমিক নং ৬ অনুযায়ী একশত বিশ বর্গমিটারের অধিক তবে অনধিক দুইশত বর্গমিটার পোতার আয়তন বিশিষ্ট বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট এর জন্য প্রতি বর্গ মিটারে আট শত পঞ্চাশ টাকা হারে কর পরিশোধ করতে হবে। সুতরাং করের পরিমাণ হবে-

২০০ × ৮৫০ টাকা = ১,৭০,০০০ টাকা

**উদাহরণ ৬-৩**

জনাব সাজিদুল ইসলাম ২০১৭ সালে একটি লিস্টেড কোম্পানির শেয়ার ক্রয়ে ১০,০০,০০০ টাকা বিনিয়োগ করেছিলেন। তিনি ২০১৯-২০২০ কর বছর পর্যন্ত দাখিলকৃত আয়কর রিটার্নে উক্ত বিনিয়োগ প্রদর্শন করেননি। বিনিয়োগকৃত শেয়ার করদাতা ২০২০-২০২১ করবর্ষে দাখিলকৃত আয়কর রিটার্নে 19AAAAA এর আওতায় কর পরিশোধ করে প্রদর্শন করতে পারবেন। ধারা 19AAAAA মোতাবেক কেবলমাত্র উক্ত বিনিয়োগের জন্য জনাব ইসলামের নিম্নরূপে কর পরিশোধ করতে হবে:

ধারা 19AAAAA এর টেবিল- ৩ অনুযায়ী ১০% হারে কর পরিশোধ করতে হবে। সুতরাং করের পরিমাণ হবে-

১০,০০,০০০/- × ১০% = ১,০০,০০০ টাকা

**৭। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 19BBBBB এর সংশোধন**

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 19BBBBB সংশোধন করা হয়েছে। পরিবর্তিত বিধানানুসারে আবাসিক ও বাণিজ্যিকসহ সকল ধরনের বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট এর ক্ষেত্রে ধারা 19BBBBB অনুযায়ী ভৌগোলিক এলাকাভেদে বর্গমিটার প্রতি নির্ধারিত কর পরিশোধ করা যাবে।

এছাড়া এ ধারার অন্যান্য বিধানসমূহ পূর্বের ন্যায় অপরিবর্তিত থাকবে।

এ বিধান ২০২০-২১ কর বছর হতে কার্যকর হবে।

**৮। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 28 এর সংশোধন**

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ২৮ এর উপধারা (১) এর ক্লজ (এইচ) এর পরে নতুন ক্লজ (আই) তে the shortfall of capital referred to in section 82BB (12) উল্লেখ করে ৮২বিবি (১২) ধারার অধীনে ব্যবসা আয়ের ধারণা ২৮ ধারার অন্তর্ভূক্ত করা হয়েছে।

**৯। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 30 এর সংশোধন**

**(ক) ক্লজ (h) এর সংশোধন**

বিদ্যমান আইনে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 30(h) অনুযায়ী কোনো করদাতার হিসাব বিবরণীতে প্রদর্শিত নীট মুনাফার সর্বোচ্চ ১০ শতাংশ বা ক্ষেত্রমতো সর্বোচ্চ ৮ শতাংশ রয়েলটি, টেকনিক্যাল সার্ভিস ফি, টেকনিক্যাল নো-হাউ ফি, টেকনিক্যাল অ্যাসিসটেন্স ফি বা একই প্রকৃতির অন্য যেকোনো ফি খরচ হিসেবে অনুমোদন করা হয়। পরিবর্তিত বিধান অনুযায়ী করদাতার হিসাব বিবরণীতে প্রদর্শিত 'নীট মুনাফার' পরিবর্তে 'সাবসিডিয়ারি, অ্যাসোসিয়েট অথবা জয়েন্ট ভেঞ্চার হতে আয় বা মুনাফা বহির্ভূত ব্যবসায় বা পেশা খাতের নীট মুনাফার' সর্বোচ্চ ১০ শতাংশ রয়েলটি, টেকনিক্যাল সার্ভিস ফি, টেকনিক্যাল নো-হাউ ফি, টেকনিক্যাল অ্যাসিসটেন্স ফি বা একই প্রকৃতির অন্য যেকোনো ফি খরচ হিসেবে অনুমোদন করার বিধান করা হয়েছে।

**উদাহরণ ৯-১**

আনীজা পাবলিক লিঃ কোম্পানি ২০২০-২০২১ কর বছরে মোট আয় প্রদর্শন করেছে ৭০,০০,০০০ টাকা। এর মধ্যে

(ক) ব্যবসায়িক নীট মুনাফা ৫০,০০,০০০ টাকা

(খ) ব্যাংক সুদ ৩,০০,০০০ টাকা

(গ) সাবসিডিয়ারি হতে আয় ১০,০০,০০০ টাকা

(ঘ) জয়েন্ট ভেঞ্চার হতে আয় ৭,০০,০০০ টাকা রয়েছে।

নতুন প্রবর্তিত বিধানের ফলে আনীজা পাবলিক লিঃ কোম্পানি ব্যবসায়িক নীট মুনাফার ৫০,০০,০০০ টাকার সর্বোচ্চ ১০ শতাংশ, বা ক্ষেত্রমতো সর্বোচ্চ ৮ শতাংশ রয়েলটি, টেকনিক্যাল সার্ভিস ফি, টেকনিক্যাল নো-হাউ ফি, টেকনিক্যাল অ্যাসিসটেন্স ফি বা একই প্রকৃতির অন্য যেকোনো ফি খরচ হিসেবে দাবী করতে পারবে।

এ বিধান ২০২০-২১ কর বছর থেকে কার্যকর হবে।

**(খ) ক্লজ (k) এর সংশোধন**

বিদ্যমান আইনে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 30 এর ক্লজ (k) অনুযায়ী কোম্পানী কর্তৃক ঘোষিত টার্নওভার এর এক দশমিক দুই পাঁচ শতাংশ (১.২৫%) পরিমাণ অংশ বিদেশ ভ্রমণ খরচ হিসেবে অনুমোদনযোগ্য সীমা নির্ধারিত রয়েছে। নতুন বিধান অনুযায়ী বিদ্যমান সীমার পরিবর্তে, বিদেশ ভ্রমণ খরচ হিসেবে অনুমোদনযোগ্য সীমা কোম্পানী কর্তৃক ঘোষিত টার্নওভার এর শূন্য দশমিক পাঁচ শতাংশ (০.৫০%) করা হয়েছে এবং অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত রাখা হয়েছে।

এ বিধান ২০২০-২১ কর বছর থেকে কার্যকর হবে।

**(গ) নতুন ক্লজ (p) এর সংযোজন**

বিদ্যমান আইনে Promotional Expense খাতে অনুমোদনযোগ্য খরচের সর্বোচ্চ কোনো সীমা নেই। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 30 এ নতুন ক্লজ (p) সংযোজনের মাধ্যমে ব্যবসায়ের টার্নওভারের শূন্য দশমিক পাঁচ (০.৫০%) শতাংশ, Promotional E×pense খাতে অনুমোদনযোগ্য খরচের সর্বোচ্চ সীমা নির্ধারণ করা হয়েছে।

এক্ষেত্রে Promotional Expense এর ব্যাখ্যা সংযোজনের মাধ্যমে Promotional Expense বলতে ব্যবসা বা পেশার Promotion এর জন্য যে কাউকে বস্তু, অর্থ বা অন্যকোনো প্রকারে প্রদানকৃত সুবিধা এর বিপরীতে ব্যবসায়িক খরচ দাবি করা বোঝাবে।

এ বিধান ২০২০-২১ কর বছর থেকে কার্যকর হবে।

**১০। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ ধারা 31A এর সংযোজন**

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে ব্যবসা বা উদ্যোগ (undertaking)হস্তান্তরের মাধ্যমে অর্জিত মূলধনী আয় সংক্রান্ত নতুন বিধান 31A আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে সংযোজিত হয়েছে। নতুন এ বিধানের ফলে ব্যবসা বা উদ্যোগ তার সমুদয় সম্পদ ও দায়সহ সম্পূর্ণরূপে (business or undertaking in its entirety with all of its assets and liabilities) হস্তান্তরিত হলে তা হতে উদ্ভূত আয় মূলধনী আয় হিসেবে গণ্য হবে, তা সুস্পষ্ট হলো।

এ বিধান ২০২০-২১ কর বছর থেকে কার্যকর হবে।

## **১১। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ ধারা 32A এর সংযোজন**

কোনো ব্যবসা বা উদ্যোগ সম্পূর্ণভাবে এর সম্পদ ও দায়সহ হস্তান্তরজনিত কারণে অর্জিত মূলধনী আয় নিরূপণ এবং কর পরিগণনার পদ্ধতি সুনির্দিষ্ট করার জন্য আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে নতুন ধারা 32A সংযোজন করা হয়েছে। কোনো ব্যবসা বা উদ্যোগ হস্তান্তরের মাধ্যমে অর্জিত মূলধনী আয় নির্ধারণের জন্য প্রথমে-

১. ব্যবসা বা উদ্যোগ সম্পূর্ণরূপে হস্তান্তর হতে প্রাপ্ত বা উদ্ভূত পণের সম্পূর্ণ মূল্য (full value of consideration); অথবা

২. ব্যবসা বা উদ্যোগের ন্যায্য বাজার মূল্য,

এ দুয়ের মধ্যে যেটা বেশি তা নির্ধারণ করতে হবে।

এবার নিম্নলিখিত ব্যয়সমূহ বাদ দিতে হবে, যথা:-

(ক) ব্যবসা বা উদ্যোগ সম্পূর্ণরূপে হস্তান্তরের ক্ষেত্রে কেবলমাত্র হস্তান্তর সম্পর্কিত কোনো খরচ; এবং

(খ) হস্তান্তরের তারিখে ব্যবসা বা উদ্যোগের নীট পরিসম্পদ (net worth)।

হস্তান্তরের তারিখে ব্যবসা বা উদ্যোগের নীট পরিসম্পদ (net worth) হবে ব্যবসা বা উদ্যোগ সম্পূর্ণরূপে হস্তান্তরের তারিখে ব্যবসা বা উদ্যোগের সম্পদের খতিয়ানি মূল্য বা book value থেকে দায়ের বিয়োগের ফল।

অর্থাৎ, ব্যবসা বা উদ্যোগ সম্পূর্ণরূপে হস্তান্তর হতে প্রাপ্ত বা উদ্ভূত পণের সম্পূর্ণ মূল্য অথবা ন্যায্য বাজার মূল্য, দুয়ের মধ্যে যেটা বেশি − { ব্যবসা বা উদ্যোগ সম্পূর্ণরূপে হস্তান্তরের সাথে সম্পর্কিত কোনো খরচ + (সম্পদের খতিয়ানি মূল্য − দায়)} = ব্যবসা বা উদ্যোগ হস্তান্তরের মাধ্যমে অর্জিত মূলধনী আয় ।

**উদাহরণ ১১-১**

মিজ্ নিকিতা গোমেজের একক মালিকানাধীন ব্যবসা (sole proprietorship business) মেসার্স নিকিতা এন্ড সন্স এর ৩০.০৬.২০২০ তারিখের স্থিতিপত্র নিম্নরূপ-

**মেসার্স নিকিতা এন্ড সন্স**
**স্থিতিপত্র**
**জুন ৩০ ২০২০**

| **সম্পদ** | | | | **দায় ও মালিকের সত্ত্ব** | | |
|---|---|---|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ** | | | | **দায়** | | |
| ভূমিসহ একতলা দোকান | | | | মিজ্ নার্গিসের নিকট হতে গৃহীত ঋণ- | ১২,০০,০০০ | |
| ভূমি | | ১,০০,০০০ | | বিবিধ পাওনাদার- | | |
| দোকান (বাদ) পুঞ্জিভুত অবচয় | ১০,০০,০০০ (৮,০০,০০০) | ২,০০,০০০ | | | ২৮,০০,০০০ | |
| ভূমিসহ গোডাউন | | | | কর্মচারীদের বকেয়া বেতন - | | |
| ভূমি | | ৭৫,০০০ | | | ২,০০,০০০ | |
| গোডাউন (বাদ) পুঞ্জিভুত অবচয় | ৫,০০,০০০ (৩,৭৫,০০০) | ১,২৫,০০০ | | বকেয়া বিদ্যুৎ বিল - | ৫০,০০০ | |
| ডেলিভারি ট্রাক (বাদ) পুঞ্জিভুত অবচয় | ১০,০০,০০০ (৫,০০,০০০) | ৫,০০,০০০ | ১০,০০,০০০ | প্রদেয় বীমা প্রিমিয়াম - | ৫০,০০০ | ৪৩,০০,০০০ |
| **চলতি সম্পদ** | | | | **মালিকের সত্ত্ব** | | |
| মজুদ পণ্য | | ২৫,০০,০০০ | | পুঁজি | | ৭,০০,০০০ |
| বিবিধ দেনাদার | | ১৫,০০,০০০ | ৪০,০০,০০০ | | | |
| **মোট সম্পদ** | | | **৫০,০০,০০০** | **মোট দায়** | | **৫০,০০,০০০** |

উক্তরূপ সম্পদ ও দায়দেনাসহ মিজ্ নিকিতা গোমেজের একক মালিকানাধীন ব্যবসা (sole proprietorship business) ৩০.০৬.২০২০ তারিখে মিজ্ সুবর্ণা পন্ডিতের নিকট সম্পূর্ণরূপে হস্তান্তরের কারণে ১৫,০০,০০০ টাকা পেয়েছেন বলে মিজ্ নিকিতা গোমেজ দাবী করেন। মিজ্ নিকিতা গোমেজ ব্যবসা হস্তান্তরের কাজে সহযোগিতা ও মধ্যস্থতা করার জন্য মিজ্ শান্তি দেওয়ানীকে ১,০০,০০০ টাকা প্রদান করেন। তবে, উপকর কমিশনার উক্ত ব্যবসায়ের ন্যায্য বাজারমূল্য (fair market value of the business) ৩০,০০,০০০ টাকা নির্ধারণ করেছেন। মিজ্ নিকিতা গোমেজের বর্ণিত ব্যবসা হস্তান্তরের কারণে উদ্ভূত মূলধনী মুনাফা (capital gain) নিম্নরূপে পরিগণনা করতে হবে-
ব্যবসা হস্তান্তরের কারণে মিজ্ নিকিতা গোমেজের দাবী অনুযায়ী প্রাপ্তি ১৫,০০,০০০ টাকা এবং উপকর কমিশনার কর্তৃক নির্ধারিত ব্যবসায়ের ন্যায্য বাজারমূল্য ৩০,০০,০০০ টাকা। এ দুটোর মধ্যে উপকর কমিশনার কর্তৃক নির্ধারিত ব্যবসায়ের ন্যায্য বাজারমূল্য বেশি হওয়ায় হস্তান্তর মূল্য হিসেবে ৩০,০০,০০০ টাকা বিবেচনা করতে হবে। হস্তান্তরের তারিখে ব্যবসায়ের নীট পরিসম্পদ (net worth) = ৫০,০০,০০০ – ৪৩,০০,০০০, বা ৭,০০,০০০ টাকা

সুতরাং ব্যবসা হস্তান্তরের কারণে উদ্ভূত মূলধনী মুনাফা = (ন্যায্য বাজারমূল্য ৩০,০০,০০০ – নীট পরিসম্পদ ৭,০০,০০০ – হস্তান্তর জনিত খরচ ১,০০,০০০) টাকা
= ২২,০০,০০০ টাকা

অর্থাৎ মিজ্ নিকিতা গোমেজের বর্ণিত ব্যবসা সম্পূর্ণরূপে হস্তান্তরের কারণে উদ্ভূত মূলধনী মুনাফা হবে ২২,০০,০০০ টাকা

এ বিধান ২০২০-২১ কর বছর থেকে কার্যকর হবে।

**১২। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 42 এর সংশোধন**

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৪২ তে উপধারা 3A এবং 3B এর সংযোজন করা হয়েছে। বিদ্যমান আইনে ব্যক্তি-সংঘ এবং এর সদস্যদের লোকসান সমন্বয় (set off) এর বিষয়ে কোনো বিধান নেই। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 42 এর উপধারা 3 এর পরে নতুন উপধারা 3A এবং 3B সংযোজন পূর্বক ব্যক্তি-সংঘ এবং এর সদস্যদের ক্ষেত্রে ফার্ম এবং ফার্মের অংশীদারদের মতই লোকসান সমন্বয় সংক্রান্ত বিধান অন্তর্ভুক্ত করা হয়েছে।

**(ক) ধারা 42(3A)**

উপধারা 3A অনুযায়ী ব্যক্তি-সংঘের যেকোনো খাতের লোকসান আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৩৭ অনুযায়ী ব্যক্তি-সংঘের অন্য খাতের আয়ের বিপরীতে সমন্বয় করা যাবে। তবে, উক্ত সমন্বয় ব্যক্তি-সংঘের সদস্যের আয়ের সাথে করা যাবে না।

**(খ) ধারা 42(3B)**

উপধারা 3B অনুযায়ী ব্যক্তি-সংঘের কোনো লোকসান ব্যক্তি-সংঘের কোনো সদস্য তার নিজের আয়ের বিপরীতে জের (carry forward) বা সমন্বয় কিছুই করতে পারবেন না।

এ বিধান ২০২০-২১ কর বছর থেকে কার্যকর হবে।

**১৩। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 46BB এর সংশোধন**

আয়কর অধ্যাদেশের ধারা 46BB এর মাধ্যমে কতিপয় শিল্প খাতকে ভৌগোলিক অবস্থান ভেদে বিভিন্ন মেয়াদে কর অবকাশ সুবিধা প্রদান করা আছে। ১ জুলাই, ২০১৯ হতে ৩০ জুন, ২০২৪ সালের মধ্যে স্থাপিত (সম্পূর্ণভাবে নির্মিত) বিদ্যমান শিল্প খাতসমূহের অতিরিক্ত আরো সাতটি খাত সংযুক্ত করে ভৌগোলিক অবস্থান ভেদে বিভিন্ন মেয়াদে কর অবকাশ সুবিধা প্রদান করা হয়েছে। এক্ষেত্রে কর অবকাশ সুবিধা প্রাপ্তির লক্ষ্যে বিদ্যমান আইনে যেসব শর্ত রয়েছে সেসব শর্ত অপরিবর্তিত রয়েছে।

নিম্নবর্ণিত সাতটি শিল্প খাতসমূহ কর অবকাশ সুবিধা পাবে। যথা-

১. Electrical Tranformer

২. Artificial fiber or manmade fiber manufacturing;

৩. Automobile parts and components manufacturing

৪. Automation and Robotics design, manufacturing including parts and components thereof;

৫. Artificial Intelligence based system design and/or manufacturing;

৬. Nanotechnology based products manufacturing;

৭. Aircraft heavy maintenance services including parts manufacturing;

**১৪। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 51 এর প্রতিস্থাপন**

বিদ্যমান ধারা 51 অনুযায়ী–

১। সরকারি বা সরকার অনুমোদিত সিকিউরিটিজ এর মেয়াদান্তে প্রাপ্তব্য (receivable on maturity) সুদ বা বাট্টা'র (discount) বিপরীতে উৎসে আগাম (upfront) কর সংগ্রহ করতে হয়;

২. উক্ত সিকিউরিটিজ ইসলামি শরিয়ার ভিত্তিতে হলে মুনাফা বা বাট্টা পরিশোধকালে (at the time of payment) উৎসে কর সংগ্রহ করতে হয়; এবং

৩. ট্রেজারি বন্ড ও ট্রেজারি বিলের সুদ বা বাট্টা পরিশোধ হতে উৎসে কর কর্তন প্রযোজ্য ছিলো না।

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, 1984 এর ধারা 51 এর প্রতিস্থাপন করা হয়েছে। নতুন প্রবর্তিত ধারা 51 অনুযায়ী-

১. সরকারি সিকিউরিটিজ অথবা সরকার বা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত যেকোনো প্রকার সিকিউরিটিজ এর বাট্টা, সুদ বা মুনাফা ক্রেডিট বা পরিশোধকালে (at the time of payment or credit) ৫ শতাংশ হারে উৎসে কর সংগ্রহ করতে হবে।

২. উৎসে কর সংগ্রহ করার ক্ষেত্রে পরিশোধ বা ক্রেডিট, যেটি আগে ঘটে সে সময়ে উৎসে কর সংগ্রহ করতে হবে।

নতুন বিধানটি ১ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ বা তার পরবর্তী সময়ে বাট্টা, সুদ বা মুনাফা পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

## ১৫। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52 এর সংশোধন

বিদ্যমান আইনের ধারা 53E (3) অনুযায়ী কোনো ডিসট্রিবিউটরের নিকট বিক্রিত পণ্য পরবর্তিতে ডিসট্রিবিউটর কর্তৃক সরবরাহ করা হলে আয়কর অধ্যাদেশের ধারা 52 এর অধীনে বিধি 16 অনুযায়ী উৎসে কর কর্তন করা হয়। অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52 সংশোধনের মাধ্যমে উপধারা ১ এর প্রোভাইসো এর paragraph (d)- তে একটি প্রোভাইসো সংযোজন করা হয়েছে। নতুন সংযোজিত প্রোভাইসোর মাধ্যমে ডিস্ট্রিবিউটর কর্তৃক পণ্য সরবরাহের বিপরীতে কর্তনযোগ্য করের পরিমাণ নিরূপণের হিসাবে পরিবর্তন আনা হয়েছে।

নতুন বিধান অনুযায়ী ডিসট্রিবিউটরের নিকট হতে উৎসে কর কর্তনের জন্য ডিসট্রিবিউটর কর্তৃক সরবরাহকৃত পণ্যের সম্পূর্ণ মূল্য ভিত্তিমূল্য হিসেবে বিবেচনা করা যাবে না। ডিসট্রিবিউটর কর্তৃক সরবরাহকৃত পণ্যের উপর উৎসে কর কর্তনের পরিমাণ নিম্নরূপে পরিগণনা করতে হবে-

{(ধারা 53E(3)তে উল্লিখিত ডিস্ট্রিবিউটর বা অন্যকোনো ব্যক্তির নিকট কোম্পানির বিক্রয়মূল্য × ৭% × ৫%) - ধারা 53E(3) অনুযায়ী পরিশোধিত কর}

ধারা 53E(3)তে উল্লিখিত ডিস্ট্রিবিউটর বা অন্যকোনো ব্যক্তির নিকট কোম্পানির বিক্রয়মূল্যের যাচাইযোগ্য প্রমাণাদি সরবরাহ গ্রহণকারীর নিকট দাখিল করতে হবে। অন্যথায় সরবরাহ গ্রহণকারী সরবরাহ মূল্যের উপর ধারা 52 এবং বিধি 16 মোতাবেক উৎসে কর কর্তন করবেন।

### উদাহরণ ১৫-১

জনাব মুনীফ মিক্‌দাদ আলিফ (প্রাঃ) লিঃ কোম্পানির একজন ডিস্ট্রিবিউটর। ২০২০- ২০২১ আয় বছরে জনাব মুনীফ মিক্‌দাদের নিকট আলিফ (প্রাঃ) লিঃ এর বিক্রিত পণ্যের মূল্য ৫০ লক্ষ টাকা। ধারা 53E(3) অনুযায়ী আলিফ (প্রাঃ) লিঃ জনাব মুনীফ মিক্‌দাদের এর নিকট হতে (৫০,০০,০০০ × ৫% × ৫%) টাকা বা ১২,৫০০ টাকা উৎসে কর সংগ্রহ করেন। জনাব মুনীফ মিক্‌দাদ যদি ২০২০- ২০২১ আয় বছরে উক্ত পণ্যের পুরোটাই তানিয়া (প্রাঃ) লিঃ এর নিকট সরবরাহ করে তাহলে তানিয়া (প্রাঃ) লিঃ জনাব মুনীফ মিক্‌দাদের নিকট হতে নিম্নরূপে উৎসে কর কর্তন করবে-

{(৫০,০০,০০০ × ৭% × ৫%) - (৫০,০০,০০০ × ৫% × ৫%)}

= ১৭,৫০০ - ১২,৫০০

= ৫,০০০/-

**উদাহরণ ১৫-২**

জনাব ভৃগু বিষ্ণুপদ আলিফ (প্রাঃ) লিঃ কোম্পানির একজন ডিস্ট্রিবিউটর। ২০২০-২০২১ আয় বছরে জনাব ভৃগু বিষ্ণুপদের নিকট আলিফ (প্রাঃ) লিঃ এর বিক্রিত পণ্যের মূল্য ৫০ লক্ষ টাকা। ধারা 53E(3) অনুযায়ী আলিফ প্রাঃ লিঃ জনাব ভৃগু বিষ্ণুপদের নিকট হতে (৫০,০০,০০০ × ৫% × ৫%) টাকা বা ১২,৫০০ টাকা উৎসে কর সংগ্রহ করেন। জনাব ভৃগু বিষ্ণুপদ যদি উক্ত পণ্য হতে ৩০ লক্ষ টাকার পণ্য ২০২০-২০২১ আয় বছরে পল্লব (প্রাঃ) লিঃ এর নিকট সরবরাহ করেন তাহলে পল্লব (প্রাঃ) লিঃ জনাব ভৃগু বিষ্ণুপদের নিকট হতে নিম্নরূপে উৎসে কর কর্তন করবে-

{(৩০,০০,০০০ × ৭% × ৫%) - (৩০,০০,০০০ × ৫% × ৫%)}

= ১০,৫০০ - ৭,৫০০

= ৩,০০০/-

নতুন বিধানটি ১ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ বা তার পরবর্তী সময়ে অর্থ পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

## ১৬। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52(2), 52A(2), 52AA(2), 53E এবং 56(3) এর সংশোধন

বিদ্যমান আইনে ধারা 52(2), 52A(2), 52AA(2), 53E এবং 56(3) এ ‘পরিশোধ’ হিসেবে স্থানান্তর, ক্রেডিট বা পরিশোধের সমন্বয়কে অন্তর্ভুক্ত করা ছিলো (Payment includes a transfer, a credit or an adjustment of credit)। অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে উক্ত ধারাগুলোতে ‘পরিশোধ’ হিসেবে পরিশোধের আদেশ বা নির্দেশনা (an order or instruction of making payment) পরিশোধ হিসেবে গণ্য হবে। অর্থাৎ ‘পরিশোধ’ হিসেবে স্থানান্তর, ক্রেডিট বা পরিশোধের সমন্বয়, বা পরিশোধের আদেশ বা নির্দেশনা অন্তর্ভুক্ত হবে।

**উদাহরণ ১৬-১**

মিজ্ শাহীন সুলতানা তানিহা কনস্ট্রাকশন কোঃ লিঃ এর একজন সরবরাহকারী। তিনি তানিহা কনস্ট্রাকশন কোঃ লিঃ কে ১০ কোটি টাকার পণ্য সরবরাহ করেছেন। তানিহা কনস্ট্রাকশন কোঃ লিঃ তানবির ইনক্ নামক প্রতিষ্ঠানকে শাহীন সুলতানা বরাবরে অর্থ

পরিশোধের আদেশ বা নির্দেশনা প্রদান করেছে। প্রাপ্ত পরিশোধের আদেশ বা নির্দেশনা অনুযায়ী তানবির ইনক্ মিজ্ শাহীন সুলতানার ব্যাংক হিসাবে অর্থ স্থানান্তর করে। এক্ষেত্রে তানিহা কনস্ট্রাকশন কোঃ লিঃ সরবরাহ গ্রহণকারী এবং সরবরাহের বিপরীতে পরিশোধের আদেশ বা নির্দেশনা প্রদানকারী। পেমেন্টের অর্থানুযায়ী এক্ষেত্রে তানিহা কনস্ট্রাকশন কোঃ লিঃ প্রকৃতপক্ষে পেমেন্ট করেছে। তাই, তানিহা কনস্ট্রাকশন কোঃ লিঃ হচ্ছে উৎসে কর কর্তন ও জমার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি। সে মোতাবেক তানিহা কনস্ট্রাকশন কোঃ লিঃ কে উৎসে কর কর্তন ও জমাদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। উৎসে কর কর্তন ও জমার যেকোনো প্রকার ব্যত্যয়ের জন্য তানিহা কনস্ট্রাকশন কোঃ লিঃ দায়ী হবে।

নতুন বিধানটি ১ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ বা তার পরবর্তী সময়ে অর্থ পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**১৭। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52AA এর সংশোধন**

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52AA এর উপধারা (1) এর table এর ক্রমিক নং 13 তে অংশভাগী অর্থনৈতিক প্লাটফর্ম (sharing economy platform) কে উৎসে কর কর্তনের আওতায় আনা হয়েছে। অংশভাগী অর্থনৈতিক প্লাটফর্ম হিসেবে ride sharing service, coworking space providing service এবং accomodation providing service সহ সকল প্রকার সেবাকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

আয়কর অধ্যাদেশ 1984 এর ধারা 52AA এর উপধারা (1) এর table এর ক্রমিক নং 13A তে Wheeling charge for electricity transmission এর উপর উৎসে কর কর্তন হার ২৫ লক্ষ টাকা পর্যন্ত ভিত্তিমূল্যের জন্য ৪ শতাংশ এবং ২৫ লক্ষ টাকার অধিক ভিত্তি মুল্যের জন্য ৫ শতাংশ নির্ধারিত ছিলো। অর্থ আইন, ২০২০, এর মাধ্যমে Wheeling charge for electricity transmission পরিশোধকালে উৎসে কর কর্তনের বিদ্যমান হার এর পরিবর্তে হ্রাস ( ভিত্তিমূল্য ২৫ লক্ষের সমান বা কম হলে ২% ও ২৫ লক্ষের উপর হলে ৩%) করা হয়েছে।

নতুন বিধানটি ১ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ বা তার পরবর্তী সময়ে অর্থ পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

## ১৮। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52C এর সংশোধন

বিদ্যমান আইনের ধারা 52C অনুযায়ী কোনো স্থাবর সম্পত্তি অধিগ্রহণ করা হলে সম্পত্তির মালিককে প্রদেয় ক্ষতিপূরণ মূল্যের উপর নিম্নরূপ হারে উৎসে কর কর্তন করতে হয়-

(ক) সিটি কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ডে অবস্থিত সম্পত্তির ক্ষতিপূরণ মূল্যের ২%

(খ) অন্যান্য এলাকায় অবস্থিত সম্পত্তির ক্ষতিপূরণ মূল্যের ১%।

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে  ধারা 52C এর সংশোধনীর মাধ্যমে করহারে নিম্নরূপ পরিবর্তন আনীত হয়েছে-

(ক) সিটি কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ডে অবস্থিত সম্পত্তির ক্ষতিপূরণ মূল্যের ৬%

(খ) অন্যান্য এলাকায় অবস্থিত সম্পত্তির ক্ষতিপূরণ মূল্যের ৩%।

উল্লেখ্য, অধিগ্রহণের তারিখ নির্বিশেষে ১ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ হতে ক্ষতিপূরণ মূল্য পরিশোধকালে অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে সংশোধিত হারে উৎসে কর কর্তন করতে হবে।

**উদাহরণ ১৮-১**

সরকারের পক্ষে একজন ভূমি অধিগ্রহণ কর্মকর্তা ১৫ এপ্রিল ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে একটি সিটি করপোরেশন এলাকায় ১০ কোটি টাকা মূল্যের ভূমি অধিগ্রহণ করেন। তিনি ৩০ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে ভূমির মালিক জনাব মুয়াদ মিশরাকের বরাবরে ক্ষতিপূরণ মূল্য পরিশোধের জন্য চেক ইস্যু করেন। এক্ষেত্রে, ৩০ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের জন্য প্রযোজ্য উৎসে কর কর্তনের হার ৬% হারে কর কর্তন করে সরকারি কোষাগারে জমা পূর্বক অবশিষ্ট টাকার চেক সম্পত্তির মালিক বরাবরে হস্তান্তর করতে হবে।

নতুন বিধানটি ১ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ বা তার পরবর্তী সময়ে অর্থ পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

## ১৯। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52Q এর প্রতিস্থাপন

বিদ্যমান বিধান অনুযায়ী কোনো বিদেশী ব্যক্তি যদি কোনো নিবাসী ব্যক্তির-

(ক) কোনো সেবা প্রদানের বিনিময়ে; বা

(খ) কোনো কাজের বিনিময়ে

নিবাসী ব্যক্তির বাংলাদেশের কোনো ব্যাংক হিসাবে কোনো সেবা চার্জ বা পরামর্শ ফি বা কমিশন বা পারিশ্রমিক বা অন্যকোনো ফি, যে নামেই অভিহিত হোক না কেন, বিদেশ হতে প্রেরণ করেন তাহলে ব্যাংক হিসাবে পরিশোধ বা ক্রেডিটের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উক্ত অর্থ ক্রেডিট বা পরিশোধকালে দশ শতাংশ (১০%) হারে উৎসে কর কর্তন করবেন।

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে নতুন ধারা 52Q দ্বারা প্রতিস্থাপন করা হয়েছে। প্রতিস্থাপিত নতুন ধারা 52Q এর মাধ্যমে কোনো সেবা, রেভিনিউ শেয়ারিং, ইত্যাদি বাবদ বিদেশ হতে প্রেরিত অর্থের উপর উৎসে কর কর্তনের নতুন বিধান প্রবর্তন করা হয়েছে। নতুন বিধান অনুযায়ী, বিদেশ হতে বাংলাদেশে কোনো ব্যক্তির ব্যাংক হিসাবে নিম্নলিখিত কাজের -

(ক) বাংলাদেশে প্রদত্ত কোনো সেবা; বা

(খ) নিবাসী ব্যক্তি কর্তৃক বিদেশী কোনো ব্যক্তির অনুকূলে কোনো সেবা বা কর্ম সম্পাদন;বা

(গ) বিজ্ঞাপন বা অন্যকোনো উদ্দেশ্যে অনলাইন প্লাটফর্ম ব্যবহারের অনুমোদনের জন্য

নিম্নলিখিত প্রকারে কোনো অর্থ-

(ক) ফি, সেবা চার্জ, কমিশন বা পারিশ্রমিক; যে নামেই অভিহিত হোক না কেন, অথবা

(খ) যেকোনো নামের বা প্রকৃতির রেভেনিউ শেয়ারিং

প্রেরণ করা হলে উক্ত অর্থ গ্রহীতার ব্যাংক হিসাবে পরিশোধ বা ক্রেডিটের সময় দশ শতাংশ (১০%) হারে উৎসে কর কর্তন করতে হবে। তবে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না-

(১) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ষষ্ঠ তফসিলের অংশ-ক এর ৪৮ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী যে আয় মোট আয় পরিগণনার অন্তর্ভুক্ত নয়।

(২) কোনো নিবাসী ব্যক্তির সফট্ওয়ার বা সেবা বিক্রয়লব্ধ অর্থ, যদি বিক্রয় বা সেবা হতে প্রাপ্ত আয় আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ষষ্ঠ তফসিলের অংশ-ক এর ৩৩ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী কর অব্যাহতিপ্রাপ্ত।

**উদাহরণ**

ধরা যাক, tulip.com.bd একটি জনপ্রিয় বাংলাদেশী অনলাইন প্লাটফর্ম । tulip.com.bd বিদেশী কোনো প্রতিষ্ঠান হতে তার অনলাইন প্লাটফর্মে প্রদত্ত বিজ্ঞাপনের রেভেনিউ শেয়ার প্রাপ্ত হন। বিদেশী প্রতিষ্ঠান tulip.com.bd এর ব্যাংক হিসাবে উক্ত অর্থ প্রেরণ করেন। বিদেশী প্রতিষ্ঠান কর্তৃক tulip.com.bd এর বরাবরে বাংলাদেশে প্রেরিত অর্থের উপর ধারা 52Q অনুযায়ী ১০% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। অর্থাৎ ব্যাংক কর্তৃপক্ষ উক্ত অর্থ tulip.com.bd এর ব্যাংক হিসাবে ক্রেডিটের পূর্বে ১০% হারে কর কর্তন করবেন।

নতুন বিধানটি ১ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ বা তার পরবর্তী সময়ে অর্থ পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**২০। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52R এর সংশোধন**

বিদ্যমান ধারা 52R(2) অনুযায়ী International Gateway (IGW) Service Operator কর্তৃক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে অর্থ পরিশোধের ক্ষেত্রে উৎসে ৭.৫% হারে কর কর্তন করতে হয়-

(ক) Interconnection Exchange (ICX),

(খ) Access Network Service (ANS), অথবা

(গ) Bangladesh Telecommunication Regulatory Commission (BTRC) এর সাথে চুক্তিবদ্ধ অন্য যেকোনো ব্যক্তি ।

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে ধারা 52R এর উপধারা (2)তে আনীত সংশোধনীর ফলে International Gateway (IGW) Service Operator কর্তৃক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে কোনো অর্থ পরিশোধের ক্ষেত্রে ৭.৫% হারে উৎসে কর কর্তন করতে হবে-

(ক) Interconnection Exchange (ICX),

(খ) Access Network Service (ANS),

(গ) Bangladesh Telecommunication Regulatory Commission (BTRC), অথবা

(ঘ) Bangladesh Telecommunication Regulatory Commission (BTRC) এর সাথে চুক্তিবদ্ধ অন্য যেকোনো ব্যক্তি ।

নতুন বিধানটি ১ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ বা তার পরবর্তী সময়ে অর্থ পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**২১। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52U এর সংশোধন**

**(ক) উপধারা 52U(3) এর সংশোধন**

বিদ্যমান বিধান অনুযায়ী স্থানীয় ঋণপত্র বা অন্যান্য অর্থায়ন চুক্তির মাধ্যমে ধান, গম, গোল আলু, পেঁয়াজ, রসুন, মটরশুটি, ছোলা, মশুর ডাল, আদা, হলুদ, শুকনো মরিচ, ডাল, ভুট্টা, আটা, ময়দা, লবণ, ভোজ্য তেল, চিনি, কালো গোল মরিচ, দারুচিনি, এলাচ, লবঙ্গ, খেজুর, তেজপাতা, কম্পিউটার বা কম্পিউটার যন্ত্রাংশ, পাট, তুলা, সুতা এবং সকল প্রকার ফল ক্রয় করা হলে উৎসে কর কর্তন করতে হয় না।

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আনীত সংশোধনীর ফলে উক্ত পণ্যসমূহ স্থানীয় ঋণপত্র বা অন্যান্য অর্থায়ন চুক্তির মাধ্যমে ক্রয়কালে ২ শতাংশ হারে উৎসে কর কর্তন করতে হবে।

**(খ) উপধারা 52U(4) এর সংশোধন**

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে ধারা 52U এর উপধারা 4 বিলুপ্ত করা হয়েছে। ফলে যেসকল লেনদেনের ক্ষেত্রে ধারা 52U প্রযোজ্য হবে সেসকল লেনদেনের ক্ষেত্রে আর ধারা 52 এবং বিধি 16 এর প্রযোজ্যতা থাকবে না।

নতুন বিধানটি ১ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ বা তার পরবর্তী সময়ে অর্থ পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**২২। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 53BB এবং 53BBBB এর সংশোধন**

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 53BB **এবং** 53BBBB তে রপ্তানি মূল্যের বিপরীতে প্রযোজ্য এক শতাংশ (১%) উৎস কর কর্তনের হারের পরিবর্তে শূন্য দশমিক পাঁচ শতাংশ (০.৫০%) করা হয়েছে।

নতুন বিধানটি ১ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ বা তার পরবর্তী সময়ে অর্থ পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**২৩। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 53BBB এর প্রতিস্থাপন**

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 53BBB প্রতিস্থাপনের মাধ্যমে স্টক এক্সচেঞ্জের কোনো সদস্য দ্বারা সিকিউরিটিজ লেনদেনের ক্ষেত্রে স্টক এক্সচেঞ্জের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক উৎসে কর কর্তনের ক্ষেত্রে দুই ধরনের হার নির্ধারণ করা হয়েছে, যথা-

(ক) শেয়ার ও মিউচুয়াল ফান্ড লেনদেন এর ক্ষেত্রে মোট লেনদেন মূল্যের উপর শূন্য দশমিক শূন্য পাঁচ শতাংশ (০.০৫%), এবং

(খ) শেয়ার ও মিউচুয়াল ফান্ড ব্যতিত অন্যান্য সকল সিকিউরিটিজ লেনদেনের ক্ষেত্রে স্টক এক্সচেঞ্জের কোনো সদস্য কর্তৃক গৃহীত বা গৃহীতব্য কমিশনের উপর দশ শতাংশ (১০%)।

নতুন বিধানটি ১ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ বা তার পরবর্তী সময়ে অর্থ পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**২৪। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 56 এর সংশোধন**

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর বিদ্যমান ধারা ৫৬ এর উপধারা (১) এর টেবিলের ক্রমিক নং ২০ অনুযায়ী অনিবাসী করদাতা কর্তৃক প্রাপ্ত লভ্যাংশের উপর নিম্নোক্তভাবে উৎসে কর কর্তন করা হয়-

(ক) অনিবাসী কোম্পানি কর্তৃক প্রাপ্ত লভ্যাংশের উপর ২০%, এবং

(খ) কোম্পানি ব্যতীত অন্যান্য অনিবাসী করদাতা কর্তৃক প্রাপ্ত লভ্যাংশের উপর ৩০%।

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে বিদ্যমান বিধান সংশোধনপূর্বক অনিবাসী করদাতা কর্তৃক প্রাপ্ত লভ্যাংশের উপর নিম্নরূপে উৎসে কর কর্তনের হার ধার্য করা হয়েছে-

(ক) অনিবাসী কোম্পানি, ফান্ড ও ট্রাস্ট কর্তৃক প্রাপ্ত লভ্যাংশের উপর ২০%, এবং

(খ) কোম্পানি, ফান্ড ও ট্রাস্ট ব্যতীত অন্যান্য অনিবাসী করদাতা কর্তৃক প্রাপ্ত লভ্যাংশের উপর ৩০%।

নতুন বিধানটি ১ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ বা তার পরবর্তী সময়ে অর্থ পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

### ২৫। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 68 এর সংশোধন

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে বিদ্যমান বিধান সংশোধনপূর্বক নতুন করদাতাদের জন্য অগ্রিম কর পরিগণনার ক্ষেত্রে প্রাক্কলিত আয় ‘চার লক্ষ টাকার অধিক’ এর স্থলে ‘ছয় লক্ষ টাকার অধিক’ করা হয়েছে।

### ২৬। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 68B এর সংশোধন

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে প্রাইভেট মটর গাড়ির মালিক হতে অগ্রিম আয়কর বর্ধিত হারে সংগ্রহ করতে হবে এবং এ মর্মে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 68B তে নিম্নরূপ সংশোধনী আনা হয়েছে-

| ক্রঃ নং | গাড়ির ধরন ও ইঞ্জিন ক্যাপাসিটি | অগ্রিম কর (টাকা ) |
|---|---|---|
| ১ | ১৫০০ সিসির উর্ধ্বে নয় প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ২৫,০০০/- |
| ২ | ১৫০০ সিসির উর্ধ্বে কিন্তু ২০০০ সিসির উর্ধ্বে নয় এরূপ প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ৫০,০০০/- |
| ৩ | ২০০০ সিসির উর্ধ্বে কিন্তু ২৫০০ সিসির উর্ধ্বে নয় এরূপ প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ৭৫,০০০/- |
| ৪ | ২৫০০ সিসির উর্ধ্বে কিন্তু ৩০০০ সিসির উর্ধ্বে নয় এরূপ প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ১,২৫,০০০/- |

| | | |
|---|---|---|
| ৫ | ৩০০০ সিসির উর্ধ্বে কিন্তু ৩৫০০ সিসির উর্ধ্বে নয় এরূপ প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ১,৫০,০০০/- |
| ৬ | ৩৫০০ সিসির উর্ধ্বে প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | ২,০০,০০০/- |
| ৭ | মাইক্রোবাস প্রতিটির জন্য | ৩০,০০০/- |

নতুন বিধানটি ১ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ বা তার পরবর্তী সময় হতে প্রযোজ্য হবে।

**২৭। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 75 এর সংশোধন**

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 75 এর উপধারা (1) এবং (2)তে আনীত সংশোধনীর মাধ্যমে নিম্নোক্ত ব্যক্তিদের জন্য আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়েছে-

(ক) মটরযান, স্থান (space), আবাসন (accomodation) বা অন্যকোনো সম্পদের মাধ্যমে কোনো অংশভাগী অর্থনৈতিক কর্মকান্ডে (shared economic activities) অংশগ্রহণকারী, বা

(খ) লাইসেন্সধারী অস্ত্রের মালিক, বা

(গ) সকল টিআইএনধারী।

তবে বিদ্যমান ছয়টি ক্ষেত্র ছাড়াও নিম্নবর্ণিত ব্যক্তিগণকে আয়কর রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা হতে অব্যাহতি দেয়া হয়েছে-

(অ) করযোগ্য আয় নেই এমন ব্যক্তি যারা জমি বিক্রয়ের প্রয়োজনে ১২ ডিজিটের টিআইএন গ্রহণ করেছেন, এবং

(আ) করযোগ্য আয় নেই এমন ব্যক্তি যারা ক্রেডিট কার্ড গ্রহণের জন্য ১২ ডিজিটের টিআইএন গ্রহণ করেছেন।

পরিবর্তিত বিধান ২০২০-২১ কর বছর হতে কার্যকর হবে।

**উদাহরণ**

জনাব মহিদুল ইসলাম চৌধুরী জেলা সদরের পৌরসভায় নিজস্ব জমি বিক্রয়ের প্রয়োজনে ১২ ডিজিটের টিআইএন গ্রহণ করেছিলেন। ২০২০-২০২১ করবর্ষে জনাব চৌধুরীর মোট আয়ের পরিমাণ ২,৫৫,০০০/- যা করযোগ্য সীমার নিচে এবং তিনি ধারা 75 অনুযায়ী আয়কর রিটার্ন দাখিলের অন্যকোনো শর্ত পূরণ করেননি। সুতরাং করদাতার আয়কর রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা নেই।

## ২৮। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 75A এর সংশোধন

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে বাধ্যতামূলকভাবে উৎসে কর কর্তনের রিটার্ন দাখিলকারী অন্যান্য ব্যক্তি/প্রতিষ্ঠানের পাশাপাশি নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্ত করা হয়েছে-

(ক) বিশ্ববিদ্যালয় (a university),

(খ) আন্তর্জাতিক পাঠ্যক্রম মেনে শিক্ষাদানকারী ইংরেজি মাধ্যম বিদ্যালয় (an english medium school providing education following international curriculum),

(গ) আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম সত্ত্বা (artificial juridical person), এবং

(ঘ) স্থানীয় কর্তৃপক্ষ (local authority)

পরিবর্তিত বিধানের ফলে প্রাইভেট বিশ্ববিদ্যায়ের পরিবর্তে পাবলিক ও প্রাইভেট সকল বিশ্ববিদ্যালয়কে বাধ্যতামূলকভাবে উৎসে কর কর্তনের রিটার্ন দাখিল করতে হবে।

পরিবর্তিত বিধান ২০২০-২১ অর্থ বছর হতে কার্যকর হবে।

## ২৯। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 80 এর সংশোধন

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 80 এর উপধারা (1) এর ক্লজ (a) এর বিধান পরিবর্তন করে সম্পদ বিবরণী দাখিলের বাধ্যবাধকতার ক্ষেত্রে গ্রস সম্পদের সীমা ২৫ লক্ষের পরিবর্তে ৪০ লক্ষ টাকা করা হয়েছে। অর্থাৎ কোনো করদাতার

মোট পরিসম্পদের পরিমাণ ৪০ লক্ষ টাকা অতিক্রম না করলে তার সম্পদ বিবরণী দাখিলের বাধ্যবাধকতা নেই। তবে করদাতা চাইলে সম্পদ বিবরণী দাখিল করতে পারবেন। একইভাবে, ধারা 80 এর উপধারা (2) এর এর বিধান পরিবর্তন করে ব্যক্তিশ্রেণীর করদাতার জীবনযাত্রার মান সম্পর্কিত বিবরণী দাখিলের বাধ্যবাধকতার ক্ষেত্রে আয়ের সীমা তিন লক্ষ টাকার পরিবর্তে চার লক্ষ টাকা করা হয়েছে। অর্থাৎ কোনো ব্যক্তিশ্রেণীর করদাতার আয়ের সীমা চার লক্ষ টাকা অতিক্রম না করলে তার জীবনযাত্রার মান সম্পর্কিত বিবরণী দাখিলের বাধ্যবাধকতা নেই। তবে করদাতা চাইলে জীবনযাত্রার মান সম্পর্কিত বিবরণী দাখিল করতে পারবেন।

পরিবর্তিত বিধান ২০২০-২১ কর বছর হতে কার্যকর হবে।

**৩০। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 82C এর সংশোধন**

**(অ) ধারা 82C এর উপধারা 2 এর সংশোধন**

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 82C এর উপ ধারা 2 এর ক্লজ b সংশোধন করে নিম্নোক্ত কয়েকটি খাত হতে উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর 82C ধারায় ন্যূনতম করের আওতায় আনা হয়েছে-

(ক) ধারা 52AA এর উপ ধারা (1) এর টেবিল এর ক্রমিক নং 2 এ উল্লিখিত পেশাগত সেবা ফি, কারিগরি সেবা ফি, অথবা কারিগরি সহায়তা ফি (Professional service, technical services fee, or technical assistance fee ),

(খ) ধারা 52AA এর উপ ধারা (1) এর টেবিল এর ক্রমিক নং 13A এ উল্লিখিত বিদ্যুৎ পরিবহণের জন্য হুইলিং চার্জ (Wheeling charge for electricity transmission),

(গ) ধারা 82C এর উপ ধারা (2) এর প্রোভাইসো এর প্যারাগ্রাফ (ii) সংশোধনের ফলে, ferro alloy পণ্য উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল এর উপর ধারা 53 এবং বিধি 17A এর অধীন আমদানী পর্যায়ে কর্তিত উৎস কর 82C ধারায় ন্যূনতম কর হিসাবে বিবেচিত হবে।

**(আ) উপধারা 4 এর প্রতিস্থাপন**

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ 1984 এর ধারা 82C এর উপধারা (4) এর ক্লজ (a) প্রতিস্থাপন করা হয়েছে। প্রতিস্থাপিত বিধানে কোম্পানি ও ফার্মের জন্য ন্যূনতম করের পাশাপাশি ব্যক্তি করদাতার জন্য ন্যূনতম করের বিধান করা হয়েছে। নতুন বিধানে কোম্পানি ও ফার্মের জন্য ন্যূনতম করের হার অপরিবর্তিত রাখা হয়েছে। অর্থাৎ পূর্বের মতো কোনো কোম্পানি এবং বার্ষিক ৫০ লক্ষ টাকার অধিক মোট প্রাপ্তি (gross receipts) বিশিষ্ট কোনো ফার্ম এর মোট প্রাপ্তির উপর নিম্নোক্তহারে আরোপিত কর ন্যূনতম কর হিসেবে বিবেচিত হবে।

| ক্রমিক নং | করদাতার শ্রেণী | ন্যূনতম করহার |
|---|---|---|
| ১. | সিগারেট, বিড়ি, চিবিয়ে খাওয়ার তামাক, ধোঁয়াহীন তামাক বা অন্যকোনো তামাকজাত দ্রব্যাদি উৎপাদনকারী | মোট প্রাপ্তির ১ শতাংশ |
| ২. | মোবাইল ফোন অপারেটর | মোট প্রাপ্তির ২ শতাংশ |
| ৩. | অন্যান্য ক্ষেত্রে | মোট প্রাপ্তির ০.৬০ শতাংশ |

আনীত সংশোধনী মোতাবেক কোনো ব্যক্তি-করদাতার মোট প্রাপ্তির পরিমাণ ৩ কোটি টাকা বা তার অধিক হলে তবে উক্ত ব্যক্তি-করদাতাকে লাভ-ক্ষতি নির্বিশেষে নিম্নোক্তভাবে ন্যূনতম কর পরিশোধ করতে হবে—

(ক) মোবাইল ফোন অপারেশন এবং সিগারেট, বিড়ি, চিবিয়ে খাওয়ার তামাক, ধোঁয়াহীন তামাক, বা অন্যকোনো তামাকজাত দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত ব্যক্তি-করদাতা ব্যতীত অন্যান্য ব্যক্তি-করদাতার মোট প্রাপ্তির ০.৫ শতাংশ

(খ) সিগারেট, বিড়ি, চিবিয়ে খাওয়ার তামাক, ধোঁয়াহীন তামাক, বা অন্যকোনো তামাকজাত দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত ব্যক্তি-করদাতার মোট প্রাপ্তির ১ শতাংশ।

(গ) মোবাইল ফোন অপারেশনে নিয়োজিত ব্যক্তি-করদাতার মোট প্রাপ্তির ২ শতাংশ।

**উদাহরণ ৩০-১**

২০১৯-২০২০ আয় বছরে মিজ্ সোনালি বিশ্বাস ৩,৫০,০০,০০০ টাকার তৈরি পণ্য আমদানি করেন। আমদানিকৃত পণ্য তিনি স্থানীয় বাজারে বিক্রয় করেন। ধারা ৫৩ অনুযায়ী আমদানি পর্যায়ে তার নিকট হতে ১৭,৫০,০০০ টাকা উৎসে কর কর্তন করা হয়। মিজ্ বিশ্বাস উক্ত পণ্য ৫,০০,০০,০০০ টাকায় বিক্রয় করেন। তার অন্যকোনো আয়ের উৎস নেই। তিনি ৩০,০০,০০০ টাকা নিট আয় প্রদর্শন করে ২০২০-২০২১ কর বছরে আয়কর রিটার্ন দাখিল করেন। করদাতার করদায় নিম্নরূপে পরিগণনা করতে হবে-

উৎসে কর্তিত কর: ১৭,৫০,০০০/-

নিয়মিত পদ্ধতিতে নিরূপিত মোট আয়ের উপর করদায় : ৩০,০০,০০০/- টাকার উপর ব্যক্তি-করদাতার জন্য প্রযোজ্য করহারে করদায় ৫,৩২,৫০০/-

মোট প্রাপ্তির উপর নূন্যতম করদায়: (৫,০০,০০,০০০ × ০.৫%) টাকা বা ২,৫০,০০০ টাকা

ধারা 82C(5) অনুযায়ী করদাতার ন্যূনতম করদায় হবে ১৭,৫০,০০০ টাকা।

করদাতার উৎসে কর্তিত কর ১৭,৫০,০০০ টাকা। সুতরাং করদাতার নীট করদায় শূন্য।

**উদাহরণ ৩০-২**

২০১৯-২০২০ আয় বছরে মিজ্ ফারহানা প্লাস্টিকের পণ্য উৎপাদন করেন। তিনি মোট বিক্রয় ৫,০০,০০,০০০ টাকা প্রদর্শন করেন। এর মধ্যে তিনি ১,৫০,০০,০০০ টাকার মালামাল একটি সরকারি প্রতিষ্ঠানে সরবরাহ করেন। সরবরাহের বিপরীতে ৫% হারে মোট ৭,৫০,০০০ টাকা উৎসে কর কর্তন করা হয়। করদাতা মালামাল সরবরাহের বিপরীতে ১৫,০০,০০০ টাকা এবং অন্যান্য বিক্রয় হতে ২০,০০,০০০ টাকা অর্থাৎ মোট আয় ৩৫,০০,০০০ টাকা প্রদর্শন করে ২০২০-২০২১ কর বছরের জন্য আয়কর রিটার্ন দাখিল

করেন। করদাতা ব্যক্তিগত গাড়ির ফিটনেস নবায়নকালে ৫০,০০০ টাকা অগ্রিম কর পরিশোধ করেছেন। করদাতার করদায় নিম্নরূপে নিরুপণ করতে হবে-

**নিয়মিত ব্যবসা আয়ের জন্য করদায় নিরূপণ:**

নিয়মিত ব্যবসা আয়ের জন্য করদায়: ২০,০০,০০০/- টাকার উপর ব্যক্তি-করদাতার জন্য প্রযোজ্য করহারে ২,৮২,৫০০ টাকা

নিয়মিত ব্যবসা আয়ের জন্য ন্যূনতম কর: ৩,৫০,০০,০০০/- × ০.৫% বা ১,৭৫,০০০ টাকা

করদাতার নিয়মিত ব্যবসা আয় হতে পরিশোধযোগ্য করদায়: ২,৮২,৫০০ টাকা

**সরবরাহের বিপরীতে করদায় নিরূপণ:**

সরবরাহের বিপরীতে উৎসে কর্তিত কর: ৭,৫০,০০০/-

সরবরাহের বিপরীতে নিরুপিত করদায় = (৩৫,০০,০০০ টাকার উপর ব্যক্তি-করদাতার জন্য প্রযোজ্য করহারে করদায় ৬,৫৭,৫০০ টাকা - নিয়মিত ব্যবসা আয়ের জন্য করদায় ২,৮২,৫০০ টাকা) বা ৩,৭৫,০০০ টাকা

সরবরাহের বিপরীতে প্রাপ্তির উপর ন্যূনতম কর: ১,৫০,০০,০০০ × ০.৫% বা ৭৫,০০০ টাকা

সুতরাং করদাতার সরবরাহের বিপরীতে পরিশোধযোগ্য ন্যূনতম করদায়: ৭,৫০,০০০ টাকা

**করদাতার মোট করদায় নিরূপণ:**

করদাতার পরিশোধযোগ্য মোট করদায়: (২,৮২,৫০০ + ৭,৫০,০০০) টাকা বা ১০,৩২,৫০০ টাকা

অর্থাৎ রিটার্ন দাখিলের সময় করদাতাকে (১০,৩২,৫০০ – ৭,৫০,০০০ - ৫০,০০০) টাকা বা ২,৩২,৫০০ টাকা কর পরিশোধ করতে হবে।

**উদাহরণ ৩০-৩**

২০১৯-২০২০ আয় বছরে মিজ্ শামছুন নাহার নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রয় করেন। তিনি মোট বিক্রয় ৫,০০,০০,০০০ টাকা প্রদর্শন করেন। এর মধ্যে তিনি ৫০,০০,০০০ টাকার মালামাল একটি সরকারি প্রতিষ্ঠানে সরবরাহ করেন। সরবরাহের বিপরীতে ৩% হারে মোট

১,৫০,০০০ টাকা উৎসে কর কর্তন করা হয়। করদাতা মালামাল সরবরাহের বিপরীতে ৫,০০,০০০ টাকা এবং অন্যান্য বিক্রয় হতে ১৫,০০,০০০ টাকা অর্থাৎ মোট আয় ২০,০০,০০০ টাকা প্রদর্শন করে ২০২০-২০২১ কর বছরের জন্য আয়কর রিটার্ন দাখিল করেন। করদাতা ব্যক্তিগত গাড়ির ফিটনেস নবায়নকালে ৫০,০০০ টাকা অগ্রিম কর পরিশোধ করেছেন। করদাতার করদায় নিম্নরূপে নিরুপণ করতে হবে-

**নিয়মিত ব্যবসা আয়ের জন্য করদায় নিরূপণ:**

নিয়মিত ব্যবসা আয়ের জন্য করদায়: ১৫,০০,০০০/- টাকার উপর ব্যক্তি-করদাতার জন্য প্রযোজ্য করহারে করদায় ১,৬৫,০০০ টাকা

নিয়মিত ব্যবসা আয়ের জন্য ন্যূনতম করদায়: ৪,৫০,০০,০০০/- × ০.৫% বা ২,২৫,০০০ টাকা

করদাতার নিয়মিত ব্যবসা আয় হতে পরিশোধযোগ্য করদায়: ২,২৫,০০০ টাকা

**সরবরাহের বিপরীতে করদায় নিরূপণ:**

সরবরাহের বিপরীতে উৎসে কর্তিত কর: ১,৫০,০০০/-

সরবরাহের বিপরীতে নিরুপিত করদায় = ( ২০,০০,০০০ টাকার উপর ব্যক্তি-করদাতার জন্য প্রযোজ্য করহারে করদায় ২,৮২,৫০০ টাকা - নিয়মিত ব্যবসা আয়ের জন্য করদায় ১,৬৫,০০০ টাকা) বা ১,১৭,৫০০ টাকা

সরবরাহের বিপরীতে প্রাপ্তির উপর ন্যূনতম কর: ৫০,০০,০০০ × ০.৫% বা ২৫,০০০ টাকা

সুতরাং  করদাতার সরবরাহের বিপরীতে পরিশোধযোগ্য ন্যূনতম করদায়: ১,৫০,০০০ টাকা

**করদাতার মোট করদায় নিরূপণ:**

করদাতার পরিশোধযোগ্য মোট করদায়: (২,২৫,০০০ + ১,৫০,০০০) টাকা বা ৩,৭৫,০০০ টাকা

অর্থাৎ রিটার্ন দাখিলের সময় করদাতাকে (৩,৭৫,০০০ - ১,৫০,০০০ - ৫০,০০০) টাকা বা ১,৭৫,০০০ টাকা কর পরিশোধ করতে হবে।

**উদাহরণ ৩০-৪**

২০১৯-২০২০ আয় বছরে মিজ্ নাজমুন নাহার হিমায়িত খাদ্য উৎপাদন করেন। তিনি মোট বিক্রয় ৬,০০,০০,০০০ টাকা প্রদর্শন করেন। এর মধ্যে তিনি ৪,৫০,০০,০০০ টাকার মালামাল রপ্তানি করেন। রপ্তানির বিপরীতে ১,১২,৫০০ টাকা উৎসে কর কর্তন করা হয়। করদাতা রপ্তানির বিপরীতে ১০,০০,০০০ টাকা এবং অন্যান্য বিক্রয় হতে ৫,০০,০০০ টাকা আয় প্রদর্শন করেন। করদাতার বাণিজ্যিক গৃহসম্পত্তি খাতে ১৮,০০,০০০ টাকা মোট প্রাপ্তি রয়েছে এবং উক্ত প্রাপ্তির বিপরীতে ৯০,০০০ টাকা উৎসে কর কর্তন রয়েছে। গৃহসম্পত্তি খাতে সংবিধিবদ্ধ খরচের বাইরেও অনুমোদনযোগ্য ৬০,০০০ টাকা খরচ রয়েছে। করদাতা ব্যক্তিগত গাড়ির ফিটনেস নবায়নকালে ১৫,০০০ টাকা অগ্রিম কর পরিশোধ করেছেন। করদাতার করদায় নিম্নরূপে নিরুপণ করতে হবে-

**নিয়মিত ব্যবসা আয়ের জন্য করদায় নিরূপণ:**

বাণিজ্যিক গৃহ সম্পত্তি হতে আয় = (১৮,০০,০০০ – ১৮,০০,০০০ এর ৩০%- ৬০,০০০) বা ১২,০০,০০০ টাকা

নিয়মিত আয়ের জন্য করদায়: (নিয়মিত ব্যবসা হতে ৫,০০,০০০ টাকা + গৃহ সম্পত্তি হতে ১২,০০,০০০ টাকা) টাকা বা ১৭,০০,০০০- টাকার উপর ব্যক্তি-করদাতার জন্য প্রযোজ্য করহারে করদায় ২,০৭,৫০০ টাকা

নিয়মিত ব্যবসা আয়ের জন্য ন্যূনতম কর: (১,৫০,০০,০০০ +১৮,০০,০০০) × ০.৫% বা ৮৪,০০০ টাকা

করদাতার নিয়মিত ব্যবসা আয় হতে পরিশোধযোগ্য করদায়: ২,০৭,৫০০ টাকা

**রপ্তানির বিপরীতে করদায় নিরূপণ:**

রপ্তানির বিপরীতে উৎসে কর্তিত কর: ১,১২,৫০০/-

ষষ্ঠ তফসিলের পার্ট-A এর অনুচ্ছেদ ২৮ দ্রষ্টব্য মোট রপ্তানি আয়ের ৫০% করমুক্ত হওয়ায় রপ্তানির বিপরীতে করযোগ্য আয় (১০,০০,০০০/২) বা ৫,০০,০০০ টাকা

রপ্তানির বিপরীতে নিরুপিত করদায় = {(১৭,০০,০০০ + ৫,০০,০০০) টাকার উপর ব্যক্তি-করদাতার জন্য প্রযোজ্য করহারে করদায় ৩,৩২,৫০০ টাকা - নিয়মিত ব্যবসা আয়ের জন্য করদায় ২,০৭,৫০০ টাকা} বা ১,২৫,০০০ টাকা

রপ্তানির বিপরীতে প্রাপ্তির উপর ন্যূনতম কর: ৪,৫০,০০,০০০ × ০.৫%/২ বা ১,১২,৫০০ টাকা

সুতরাং করদাতার রপ্তানির বিপরীতে পরিশোধযোগ্য ন্যূনতম করদায়: ১,২৫,০০০ টাকা

**করদাতার মোট করদায় নিরূপণ:**

করদাতার পরিশোধযোগ্য মোট করদায়: (২,০৭,৫০০ + ১,২৫,০০০) টাকা বা ৩,৩২,৫০০ টাকা

অর্থাৎ রিটার্ন দাখিলের সময় করদাতাকে (৩,৩২,৫০০ - ১,১২,৫০০ - ৯০,০০০ – ১৫,০০০) টাকা বা ১,১৫,০০০ টাকা কর পরিশোধ করতে হবে।

### ৩১। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 124 এর সংশোধন

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 103A(2) মোতাবেক অনিবাসী বিমান-পরিবহণ পরিচালনাকারীদের (Non-resident Airlines Operators) ত্রৈমাসিক রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে রিটার্ন দাখিল না করলে বা আদৌ রিটার্ন দাখিল না করলে উপকর কমিশনার কর্তৃক জরিমানা আরোপের কোনো বিধান বিদ্যমান আইনে নেই। অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 124 এর উপধারা (2) সংশোধন করা হয়েছে। আনীত সংশোধনী মোতাবেক অনিবাসী বিমান-পরিবহণ পরিচালনাকারীদের পক্ষে প্রিন্সিপাল বা এজেন্ট ত্রৈমাসিক রিটার্ন নির্ধারিত সময়ের মধ্যে দাখিল না করলে বা আদৌ রিটার্ন দাখিল না করলে উপকর কমিশনার জরিমানা আরোপ করতে পারবেন।

পরিবর্তিত বিধান ২০২০-২১ কর বছর হতে কার্যকর হবে।

### ৩২। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 158 এর সংশোধন

বিদ্যমান আইনে আপীলাত ট্রাইব্যুনালে আপিল দায়েরের জন্য করদাতাকে আপীল আদেশ অনুযায়ী নির্ধারিত কর এবং 74 ধারায় পরিশোধযোগ্য করের পার্থক্যের ১০% পরিশোধ করতে হয়। করদাতার আবেদনের প্রেক্ষিতে কর কমিশনার উক্ত পরিশোধযোগ্য অংক হ্রাস করতে পারেন। করদাতার আবেদনের প্রেক্ষিতে কর কমিশনার কত দিনের মধ্যে এতদ্সংক্রান্ত আবেদন নিষ্পত্তি করবেন এর কোনো সময় সীমা নেই। অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 158 এর উপধারা (2) এর প্রোভাইসোতে

আনীত সংশোধনীর ফলে কর কমিশনারকে এরূপ আবেদনের ৩০ দিনের মধ্যে সিদ্ধান্ত প্রদান করতে হবে।

পরিবর্তিত বিধান ২০২০-২১ কর বছর হতে কার্যকর হবে।

**৩৩। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 184A এর সংশোধন**

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 184A উপ ধারা ৩ এর আইটেম (xxiii) সংশোধন, (xxxii) প্রতিস্থাপন এবং নতুন আইটেম (xxxiv) সংযোজন করে ১২-ডিজিট টিআইএন গ্রহণের বাধ্যবাধকতা সংক্রান্ত বিধানে পরিবর্তন আনা হয়েছে। পরিবর্তিত বিধান অনুসারে নিম্নলিখিত তিনটি ক্ষেত্রে ১২-ডিজিট টিআইএন গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে, যথা-

(ক) জেলা পরিষদ নির্বাচনে অংশগ্রহণ করতে হলে (উপজেলা, পৌরসভা, সিটি কর্পোরেশন ও জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করতে হলে টিআইএন গ্রহণের বাধ্যবাধকতা অপরিবর্তিত রয়েছে);

(খ) মটরযান, স্থান, আবাসন বা অন্যকোনো সম্পদের মাধ্যমে কোনো অংশভাগী অর্থনৈতিক কর্মকান্ডে (shared economic activities) অংশগ্রহণ করতে হলে;

(গ) অস্ত্রের লাইসেন্স গ্রহণ ও সংরক্ষণ করতে হলে।

**৩৪। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 184G এর সংযোজন**

অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে epidemic, pandemic, দৈব দুর্বিপাক ও যুদ্ধকালীন সময়ে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর বিভিন্ন বিধানের কার্যক্রম পরিপালন বিঘ্নিত হলে পরিপালনের সময় প্রমার্জন বা বৃদ্ধি সংক্রান্ত নতুন ধারা 184G আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ সংযোজন করা হয়।

উল্লেখ্য, ২০ মে ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে Income-tax (Amendment) Ordinance, 2020 (অধ্যাদেশ নং ০৩/২০২০) জারির মাধ্যমে ধারা 184G আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ সংযোজন করা হয়। ২৫ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ হতে Income-tax (Amendment) Ordinance, 2020 কার্যকর করা হয়।

নতুন প্রবর্তিত বিধান অনুসারে সরকারের পূর্বানুমোদন সাপেক্ষে জাতীয় রাজস্ব বোর্ড জনস্বার্থে নিম্নোক্ত বিষয়ে আদেশ জারী করতে পারে-

(ক) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর বিভিন্ন বিধান পরিপালনের সময়সীমা পরিগণনার ক্ষেত্রে epidemic, pandemic, দৈব দুর্বিপাক ও যুদ্ধকালীন সময় প্রমার্জন; বা

(খ) epidemic, pandemic, দৈব দুর্বিপাক ও যুদ্ধকালীন সময়ে বোর্ডের অভিপ্রায় অনুযায়ী (as the board may think fit ) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর বিভিন্ন বিধান পরিপালনের সময়সীমা বৃদ্ধি করা।

উল্লিখিত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড ভূতাপেক্ষ কার্যকারিতা দিয়ে আদেশ জারী করতে পারবে।

**৩৫। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর FIRST SCHEDULE এর সংশোধন**

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১ম তফসিল এর Part B এর paragraph 1 এর ক্লজ (f) এর সাবক্লজ (i) সংশোধন করে employer এর সংজ্ঞা বিস্তৃত করতে local authority কে employer হিসেবে অন্তর্ভূক্ত করা হয়েছে।

**৩৬। আয়কর অধ্যাদেশ, 1984 এর SIXTH SCHEDULE Part A এর সংশোধন**

**(ক) Paragraph 8 প্রতিস্থাপন**

নতুন বিধান অনুযায়ী শুধুমাত্র সরকারি এবং অনুমোদিত পেনশন ফান্ড হতে একজন করদাতা কর্তৃক প্রাপ্ত পেনশন করমুক্ত থাকবে।

পরিবর্তিত বিধান ২০২১-২২ কর বছর হতে কার্যকর হবে।

**(খ) Paragraph 20 প্রতিস্থাপন**

নতুন বিধান অনুযায়ী শুধুমাত্র সরকারি এবং অনুমোদিত গ্র্যাচুইটি ফান্ড হতে একজন করদাতা কর্তৃক প্রাপ্ত ২ কোটি ৫০ লক্ষ টাকা পর্যন্ত করমুক্ত থাকবে।

পরিবর্তিত বিধান ২০২১-২২ কর বছর হতে কার্যকর হবে।

### (গ) Paragraph 54 প্রতিস্থাপন

নতুন বিধান অনুযায়ী Alternative Investment Fund হতে অর্জিত আয়ের স্থলে Alternative Investment Fund কর্তৃক অর্জিত আয় করমুক্ত থাকবে।

পরিবর্তিত বিধান ২০২০-২১ কর বছর হতে কার্যকর হবে।

### ৩৭। অর্থ আইন, ২০২০ এর ধারা ৫২ অনুযায়ী কর রেয়াত এবং করারোপ

### (অ) কর রেয়াত

কোনো প্রতিষ্ঠান তার মোট জনবলের অর্থাৎ বেতন ও মজুরি (salary and wages) প্রদান করা হয় এরূপ মোট জনবলের ১০ শতাংশ প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়োগ প্রদান করলে উক্ত প্রতিষ্ঠান তার প্রদেয় করের ৫ শতাংশ কর রেয়াত পাবে।

এই অনুচ্ছেদের আওতায় প্রতিবন্ধী ব্যক্তি হিসেবে বিবেচিত হতে হলে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ (২০১৩ সনের ৩৯ নং আইন) এর ধারা ৩১ মোতাবেক প্রতিবন্ধী হিসেবে নিবন্ধিত হতে হবে।

### (আ) করারোপ

কোনো স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, এনজিওতে সেবা গ্রহণকারী প্রতিবন্ধী ব্যক্তিদের সেবাস্থলে গম্যতার ক্ষেত্রে এবং সেবা প্রদানে দেশে বলবৎ আইনি বিধান অনুযায়ী উপযুক্ত ব্যবস্থা না রাখলে ২০২০ সালের ১ জুলাই তারিখে আরব্ধ কর বৎসর হতে উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য করের ৫ শতাংশ অতিরিক্ত কর ধার্য হবে।

### ৩৮। জারীকৃত প্রজ্ঞাপনসমূহ

### (ক) আয়কর বিধিমালা, ১৯৮৪ এর সংশোধনীসমূহ

এস, আর, ও নং ১৬৫-আইন/আয়কর/২০২০; তারিখ, ২২ জুন ২০২০ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে আয়কর বিধিমালা, ১৯৮৪ তে নিম্নরূপ সংশোধনী আনা হয়েছে –

[পরিশিষ্ট-৫ দ্রষ্টব্য]

**(১) সুনির্দিষ্ট ক্ষেত্রের উপর উৎসে কর কর্তনের নতুন হার সংযোজন: বিধি 16 এর সংশোধন**

ক) স্থানীয়ভাবে সংগৃহীত MS Scrap এর ভিত্তি মূল্যের উপর ০.৫০% (শূন্য দশমিক পাঁচ শতাংশ) হারে উৎসে কর কর্তন করতে হবে।

খ) Rice, wheat, potato, onion, garlic, peas, chickpeas, lentils, ginger, turmeric, dried chillies, pulses, maize, coarse flour, flour, salt, edible oil, sugar, black pepper, cinnamon, cardamom, clove, date, cassia leaf, jute, cotton, yarn and all kinds of fruits সরবরাহের জন্য ভিত্তিমূল্যের উপর ২ শতাংশ হারে উৎসে কর কর্তন করতে হবে।

**(২) আমদানি পর্যায়ে উৎস করের পরিমাণ ও হার সংক্রান্ত বিধি 17A সংশোধন:**

আমদানি পর্যায়ে উৎস করের পরিমাণ ও হার সংক্রান্ত বিধি 17A সংশোধন করা হয়েছে।

অ) বিধি 17A এর ক্লজ (b) এর Table-1 প্রতিস্থাপন করা হয়েছেঃ

Table-1

| **Sl. No.** | **Heading** | **H.S. Code** | **Description** |
|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) |
| 1. | 07.03 | 0703.20.90 | Garlic: Other |
| 2. | 10.05 | 1005.90.90 | Other Maize, Excluding wrapped/canned upto 2.5 kg |
| 3. | 17.01 | 1701.14.00 | Raw Sugar not containing added flavouring or colouring matter: |

| Sl. No. | Heading | H.S. Code | Description |
|---|---|---|---|
| | | | Other cane sugar |
| 4. | 23.09 | 2309.90.90 | Preparations of a kind used in animal feeding other: other. |
| 5. | 27.09 | 2709.00.00 | Petroleum oils and oils obtained from bituminous minerals, crude |
| 6. | 27.10 | 2710.12.11 | Motor spirit of H.B.O.C Type |
| 7. | 27.10 | 2710.12.19 | Other motor spirits, including aviation spirit |
| 8. | 27.10 | 2710.12.20 | Spirit type jet fuel |
| 9. | 27.10 | 2710.12.31 | White spirit |
| 10. | 27.10 | 2710.12.32 | Naphtha |
| 11. | 27.10 | 2710.12.39 | Other |
| 12. | 27.10 | 2710.12.41 | J.P.1 kerosene type jet fuels |
| 13. | 27.10 | 2710.12.42 | J.P.4 kerosene type jet fuels |

| Sl. No. | Heading | H.S. Code | Description |
|---|---|---|---|
| 14. | 27.10 | 2710.12.43 | Other kerosene type jet fuels |
| 15. | 27.10 | 2710.12.49 | Other kerosene |
| 16. | 27.10 | 2710.12.50 | Other medium oils and preparations |
| 17. | 27.10 | 2710.12.61 | Light diesel oils |
| 18. | 27.10 | 2710.12.62 | High speed diesel oils |
| 19. | 27.10 | 2710.12.69 | Other |
| 20. | 27.10 | 2710.19.11 | Furnace oil |
| 21. | 27.10 | 2710.19.19 | Other |
| 22. | 27.11 | 2711.12.00 | Propane |
| 23. | 27.11 | 2711.13.00 | Butanes |
| 24. | 27.13 | 2713.20.10 | Petroleum bitumen-In Drum |
| 25. | 27.13 | 2713.20.90 | Petroleum bitumen-Other |
| 26. | 41.02 | 4102.10.00 | Raw skins of sheep or lambs-With wool on |

| Sl. No. | Heading | H.S. Code | Description |
|---|---|---|---|
| 27. | 41.02 | 4102.21.00 | Raw skins of sheep or lambs-Without wool on: Pickled |
| 28. | 41.02 | 4102.29.00 | Raw skins of sheep or lambs-Without wool on: Other |
| 29. | 41.03 | 4103.20.00 | Other raw hides and skins-of reptiles |
| 30. | 41.03 | 4103.90.00 | Other raw hides and skins-Other |
| 31. | 72.13 | All H.S Code | Bars and rods, hot-rolled, in irregularly wound coils, of iron or non-alloy steel |
| 32. | 72.14 | All H.S Code | Other bars and rods of iron or non-alloy steel, not further worked than forged, hot-rolled, hot-drawn or hot-e×truded, but including those twisted after rolling |
| 33. | 72.15 | All H.S Code | Other bars and rods of iron or non-alloy steel |

| Sl. No. | Heading | H.S. Code | Description |
|---|---|---|---|
| 34. | 72.16 | All H.S Code | Angles, shapes and sections of iron or non-alloy steel |
| 35. | 84.08 | 8408.90.10 | Engines of capacity 3 to 45 HP |
| 36. | 84.08 | 8408.90.90 | Other |
| 37. | 84.13 | 8413.70.00 | Other centrifugal pumps; Other pumps; liquid elevators |
| 38. | 84.37 | 8437.10.00 | Machines for cleaning, sorting or grading seed, grain or dried leguminous vegetable; Other machinery |
| 39. | 84.67 | 8467.29.00 | Other, Other tools |
| 40. | 85.17 | 8517.12.10 | Cellular (Mobile/fixed wireless) telephone set |
| 41. | 85.17 | 8517.70.00 | Loaded Printed Circuit Board/ PCB; Assembled/ Mother Board for Cellular Phone; Key; Keypad |

| Sl. No. | Heading | H.S. Code | Description |
|---|---|---|---|
| | | | housing; Keypad Dome; Front Shell; Vibrator; Motor; Touch Panel; Touch Panel Glass for mobile phone; Liquid Crystal Module; Camera Module; Input- Output (I/O) Port; Internal Earphone; Microphone; Antenna; Receiver; |
| 42. | 89.01 | 8901.20.30 | Vessels capacity exceeding 5000 DWT for registration in Bangladesh operating in Ocean for at least three consecutive years and not older than 20 years from the date of commissioning; |
| 43. | 89.01 | 8901.90.30 | Vessels capacity exceeding 5000 DWT for registration in Bangladesh operating in Ocean |

| Sl. No. | Heading | H.S. Code | Description |
|---|---|---|---|
| | | | for at least three consecutive years and not older than 22 years from the date of commissioning; |

এর ফলে উপর্যুক্ত আইটেমসমূহের ক্ষেত্রে আমদানি পর্যায়ে **২%** হারে উৎস কর প্রযোজ্য হবে।

(আ) বিধি 17A এর clause (d) এর Table-5 প্রতিস্থাপন করা হয়েছেঃ

**Table-5**

| Sl. No. | Heading | H.S. Code | Description |
|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) |
| 1. | 25.06 | 2506.20.00 | Quartzite |
| 2. | 25.18 | 2518.10.00 | Dolomite not calcined or sintered |
| 3. | 25.21 | 2521.00.10 | Lime Stone only used for cement manufacturing |
| 4. | 25.23 | 2523.10.20 | Clinker only used for cement manufacturing |

| Sl. No. | Heading | H.S. Code | Description |
|---|---|---|---|
| 5. | 26.02 | 2602.00.00 | Manganese ores/concentrates, including ferruginous manganese ores and concentrates with a manganese content of 20% or more calculated on the dry weight |
| 6. | 26.18 | 2618.00.00 | Slag only used for cement manufacturing |
| 7. | 26.20 | 2620.99.10 | Fly Ash only used for cement manufacturing |
| 8. | 27.04 | 2704.00.00 | Coke and semi-coke of coal, of lignite or of peat; retort carbon |

এর ফলে উপর্যুক্ত আইটেমসমূহের ক্ষেত্রে আমদানি পর্যায়ে **৩%** হারে উৎস কর প্রযোজ্য হবে।

**(৩) বিধি 24 এর সংশোধন**

sub-rule (1) এর পর নতুন sub-rule (1A) এবং Form সংযোজন এর মাধ্যমে বার্ষিক মোট আয় ৪ লক্ষ টাকার অধিক নয় এবং মোট সম্পদ ৪০ লক্ষ টাকার বেশি নয় এমন ব্যক্তি করদাতাগণের জন্য IT 11GHA 2020 নামে এক পৃষ্ঠার একটি আয়কর রিটার্ন প্রচলন করা হয়েছে। ২০২০-২১ কর বছর হতে এই রিটার্ন ব্যবহার করা যাবে। ব্যক্তি করদাতার জন্য প্রচলিত অন্যান্য রিটার্নসমূহের কার্যকারিতা বহাল থাকবে।

তবে শর্ত থাকে যে, ব্যক্তি করদাতাগণ যাদের মোটর গাড়ি বা যেকোনো সিটি কর্পোরেশনে অ্যাপার্টমেন্ট বা গৃহ সম্পত্তি থাকবে তাদের জন্য IT 11GHA 2020 নামে এক পৃষ্ঠার আয়কর রিটার্নটি প্রযোজ্য হবে না।

[পরিশিষ্ট-৫ দ্রষ্টব্য]

**(৪) নতুন বিধি 24B সংযোজন**

আয়কর অধ্যাদেশের এ নতুন সংযোজিত ধারা **19AAAA** অনুযায়ী বিনিয়োগকারী ব্যক্তি করদাতা পুঁজি বাজারে বিনিয়োগের ত্রিশ দিনের মধ্যে কর পরিশোধের প্রমানাদিসহ আয়কর বিধিমালার নতুন সংযোজিত বিধি ২৪বি এর ITD2020 অনুযায়ি উপকর কমিশনার বরাবর দাখিল করার নিমিত্ত করদাতার জন্য ও অফিস সংরক্ষণের জন্য ঘোষণাপত্র চালু করা হয়েছে ।

[পরিশিষ্ট-৫ দ্রষ্টব্য]

**(৫) বিধি 33 এর সংশোধন**

rule 33 এর sub-rule (2) এর clause (a) তে প্রদত্ত basic salary এর সংজ্ঞা নতুনভাবে প্রতিস্থাপিত করার দ্বারা বোনাস, বিভিন্ন ধরনের ভাতা যে basic salary এর অন্তর্ভূক্ত হবে না তা সুস্পষ্ট করা হয়েছে।

[পরিশিষ্ট-৫ দ্রষ্টব্য]

(খ) এস, আর, ও নং ১৬৩-আইন/আয়কর/২০২০; তারিখ, ২২ জুন ২০২০ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে খুচরা যন্ত্রাংশসহ পূর্ণাঙ্গ ফ্রিজার, রেফ্রিজারেটর ও মোটর সাইকেল তৈরির ক্ষমতাসম্পন্ন শিল্প প্রতিষ্ঠানের কেবল ঐ শিল্পের ব্যবসা হতে অর্জিত আয়ের উপর প্রদেয় হ্রাসকৃত আয়কর এর শর্তাবলীতে নিম্নোক্ত অধিকতর সংশোধন করা হয়েছেঃ

অব্যাহতি প্রাপ্ত আয়ের ২০% ঐ প্রতিষ্ঠানে বা নতুন কোনো শিল্প প্রতিষ্ঠানে আয় বৎসর শেষ হওয়ার পরবর্তী এক বৎসরের মধ্যে বিনিয়োগ করতে হবে এবং অতিরিক্ত আরও ১০% আয় বৎসর শেষ হওয়ার পরবর্তী ছয় মাসের মধ্যে স্টক একচেঞ্জে নিবন্ধিত কোনো কোম্পানীর শেয়ার বা বন্ড ক্রয়ে বিনিয়োগ করতে হবে।

[পরিশিষ্ট- ৬ দ্রষ্টব্য]

(গ) এস, আর, ও নং ১৬৪-আইন/আয়কর/২০২০; তারিখ, ২২ জুন ২০২০ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে তৈরি পোশাক শিল্পে নিয়োজিত প্রতিষ্ঠানের বিদ্যমান হ্রাসকৃত কর হার ২০২১-২২ কর বছরে অব্যাহত থাকবে।

[পরিশিষ্ট- ৭ দ্রষ্টব্য]

এ পরিপত্রে অন্য কিছু সুনির্দিষ্টভাবে বলা না থাকলে অধ্যায় বলতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর chapter, ধারা বলতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section, উপ ধারা বলতে sub-section বিধি বলতে আয়কর বিধিমালা, ১৯৮৪ এর rule এবং Board বলতে জাতীয় রাজস্ব বোর্ড কে বুঝাবে।

২০২০-২১ সালের বাজেট কার্যক্রমের মাধ্যমে আয়কর ও সারচার্জের হার নির্ধারণ, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর সংশোধনী/পরিবর্তন এবং নতুন জারীকৃত প্রজ্ঞাপনসমূহ স্পষ্টীকরণের উদ্দেশ্যে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 185A অনুসারে এ পরিপত্র জারী করা হলো।

এ পরিপত্রের কোনো বক্তব্য বা উপস্থাপনা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ অথবা আয়কর বিধিমালা, ১৯৮৪ অথবা জারীকৃত প্রজ্ঞাপনের সাথে সাংঘর্ষিক হলে বা কোনো মুদ্রণজনিত ত্রুটির কারণে কোনোরূপ অস্পষ্টতা দেখা দিলে অর্থ আইন, ২০২০, আয়কর

অধ্যাদেশ, ১৯৮৪, আয়কর বিধিমালা, ১৯৮৪ এবং মূল প্রজ্ঞাপনসমূহের ভাষ্য প্রাধান্য পাবে।

(মুহাম্মদ আমিনুর রহমান)
প্রথম সচিব (করনীতি)

# পরিশিষ্ট

**পরিশিষ্ট-১**

**তফসিল-২**

**প্রথম অংশ**

**(অর্থ আইন, ২০২০ এর ধারা ৫২ দ্রষ্টব্য)**

**১ জুলাই, ২০২০ তারিখে আরব্ধ কর বৎসরের জন্য আয়করের হার**

**অনুচ্ছেদ-ক**

Income-tax Ordinance, 1984 (Ordinance. No. XXXVI of 1984) এর section 2(46) এ সংজ্ঞায়িত ব্যক্তিগণের (person) মধ্যে যাহাদের ক্ষেত্রে অনুচ্ছেদ-খ প্রযোজ্য হইবে না সেই সকল প্রত্যেক ব্যক্তি-করদাতা (অনিবাসী বাংলাদেশীসহ), হিন্দু যৌথ পরিবার, অংশীদারি ফার্ম ও আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তিসহ অন্যান্য করদাতার ক্ষেত্রে মোট আয়ের উপর আয়করের হার নিম্নরূপ হইবে, যথা:-

| **মোট আয়** | **হার** |
|---|---|
| (ক) প্রথম ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | শূন্য |
| (খ) পরবর্তী ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ৫% |
| (গ) পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ১০% |
| (ঘ) পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ১৫% |
| (ঙ) পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-- | ২০% |
| (চ) অবশিষ্ট মোট আয়ের উপর -- | ২৫% : |

তবে শর্ত থাকে যে,-

(ক) মহিলা করদাতা এবং ৬৫ বৎসর বা তদূর্ধ্ব বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৩,৫০,০০০/- টাকা;

(খ) প্রতিবন্ধী ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৪,৫০,০০০/- টাকা;

(গ) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৪,৭৫,০০০/- টাকা;

(ঘ) কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক সন্তান/পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০/- টাকা বেশী হইবে;

প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হইলে যে কোন একজন এই সুবিধা ভোগ করিবেন;

(ঙ) ন্যূনতম করের পরিমাণ কোন ভাবেই নিম্নরূপে বর্ণিত হারের কম হইবে না,যথা:-

| এলাকার বিবরণ | ন্যূনতম করের হার (টাকা) |
|---|---|
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশন , ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৫,০০০/- |
| অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৪,০০০/- |
| সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা | ৩,০০০/- |

(চ) কোন করদাতা যদি স্বল্প উন্নত এলাকা (less developed area) বা সবচেয়ে কম উন্নত এলাকায় (least developed area) অবস্থিত কোন ক্ষুদ্র বা কুটির শিল্পের মালিক হন এবং উক্ত কুটির শিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকেন, তাহা হইলে তিনি উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্প হইতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত লাভ করিবেন, যথা :-

**বিবরণ** **রেয়াতের হার**

| | | |
|---|---|---|
| (অ) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে | সেইক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫%; |
| (আ) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক হয় | সেইক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ১০%। |

(ছ) প্রথমবারের মতো আয়কর রিটার্ন দাখিলকারী ব্যক্তি করদাতা অনলাইনে রিটার্ন দাখিল করিলে বিনিয়োগ রেয়াত পরবর্তী প্রদেয় কর হইতে অতিরিক্ত ২,০০০/- টাকা কর রেয়াত প্রাপ্য হইবেন।

**ব্যাখ্যা।-** এই অনুচ্ছেদে-

(১) প্রতিবন্ধী ব্যক্তি (person with disability) বলিতে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ (২০১৩ সনের ৩৯ নং আইন) এর ৩১ ধারা মোতাবেক প্রতিবন্ধী হিসেবে নিবন্ধিত ব্যক্তিকে বুঝাইবে;

(২) ‘‘সবচেয়ে কম উন্নত এলাকা (least developed area)’’ বা ‘‘স্বল্প উন্নত এলাকা (less developed area)’’ অর্থ Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর

section 45 এর sub-section (2A) এর clauses (b) এবং (c) এর বিধান অনুসারে বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত সবচেয়ে কম উন্নত এলাকা (least developed area) বা স্বল্প উন্নত এলাকা (less developed area)।

## অনুচ্ছেদ-খ

কোম্পানি, ব্যক্তি-সংঘ, স্থানীয় কর্তৃপক্ষ এবং সে সকল করদাতা যাহাদের ক্ষেত্রে Income-tax Ordinance, 1984 (Ordinance. No. XXXVI of 1984) অনুযায়ী সর্বোচ্চ হারে (at the maximum rate) আয়কর আরোপিত হয়-

| | | | |
|---|---|---|---|
| (১) ''যে কোম্পানির রেজিস্ট্রিকৃত অফিস বাংলাদেশে অবস্থিত সেই কোম্পানি হইতে লব্ধ ডিভিডেন্ড আয় ব্যতিরেকে অন্য'' সর্ব প্রকার আয়ের উপর- | | | |
| | | | |
| (ক) দফা (খ), (গ), (ঘ) ও (ঙ) তে বর্ণিত কোম্পানিসমূহের ক্ষেত্র ব্যতীত- | | | |
| | (অ) | এইরূপ প্রত্যেকটি কোম্পানির ক্ষেত্রে যাহা publicly traded company- | উক্ত আয়ের ২৫% :<br><br>তবে শর্ত থাকে যে, যদি এইরূপ কোম্পানি যাহা publicly traded company নহে, উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offering (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহা হইলে এইরূপ কোম্পানি উক্ত হস্তান্তর সংশ্লিষ্ট বৎসরে প্রযোজ্য আয়করের উপর ১০% হারে আয়কর রেয়াত লাভ করিবে; |

| | | | |
|---|---|---|---|
| | (আ) | এইরূপ প্রত্যেকটি কোম্পানির ক্ষেত্রে যাহা publicly traded company নহে, এবং স্থানীয় কর্তৃপক্ষসহ Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 2 এর clause (20) এর sub-clauses (a), (b), (bb), (bbb) ও (c) এর আওতাধীন অন্যান্য কোম্পানির ক্ষেত্রে- | উক্ত আয়ের ৩২.৫%; |
| (খ) | ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠানসমূহ (মার্চেন্ট ব্যাংক ব্যতীত): (অ) এইরূপ প্রত্যেকটি কোম্পানির ক্ষেত্রে যাহা publicly traded company- | | উক্ত আয়ের ৩৭.৫%; |
| | (আ) এইরূপ প্রত্যেকটি কোম্পানির ক্ষেত্রে যাহা publicly traded company নহে: | | উক্ত আয়ের ৪০%; |

| | | |
|---|---|---|
| (গ) | মার্চেন্ট ব্যাংক এর ক্ষেত্রে-- | উক্ত আয়ের ৩৭.৫%; |
| (ঘ) | সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক কোম্পানির ক্ষেত্রে- | উক্ত আয়ের ৪৫%; |
| (ঙ) | মোবাইল ফোন অপারেটর কোম্পানির ক্ষেত্রে - | উক্ত আয়ের ৪৫%:<br><br>তবে শর্ত থাকে যে, মোবাইল ফোন অপারেটর কোম্পানি যদি উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ১০% শেয়ার, যাহার মধ্যে Pre Initial Public Offering Placement ৫% এর বেশী থাকিতে পারিবে না, স্টক এক্সচেঞ্জের মাধ্যমে হস্তান্তর করত: Publicly traded company তে রূপান্তরিত হয় সেই ক্ষেত্রে করের হার হইবে ৪০%: |

| | | |
|---|---|---|
| | | আরও শর্ত থাকে যে, যদি এইরূপ কোম্পানি উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offering (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহা হইলে এইরূপ কোম্পানি উক্ত হস্তান্তর সংশ্লিষ্ট বৎসরে প্রযোজ্য আয়করের উপর ১০% হারে আয়কর রেয়াত লাভ করিবে; |
| (২) | কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীনে বাংলাদেশে নিবন্ধিত কোন কোম্পানি অথবা আইন অনুযায়ী গঠিত সংবিধিবদ্ধ কোন প্রতিষ্ঠান হইতে ১৪ আগস্ট, ১৯৪৭ এর পরে ইস্যুকৃত, প্রতিশ্রুত ও পরিশোধিত পুঁজির উপরে ঘোষিত ও পরিশোধিত ডিভিডেন্ড আয়ের উপর বা বাংলাদেশে নিবন্ধিত নয় এইরূপ বিদেশী কোম্পানির মুনাফা প্রত্যাবাসন যাহা Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 2 এর clause (26) এর sub-clause (dd) অনুসারে লভ্যাংশ হিসেবে গণ্য, তাহার উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ২০%; |

| | |
|---|---|
| (৩) কোম্পানি এবং ব্যক্তিসংঘ নহে, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশী ব্যতীত) এইরূপ ব্যক্তি-করদাতার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ৩০%; |
| (৪) কোম্পানি নহে, সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক এইরূপ করদাতার উক্ত ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ৪৫%; |
